রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২৬ সনের ৩৫ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ২৭, ২০২৬

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৭৩১—৭৫৮ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১০২১—১০৩৯ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১০৫৭—১০৭৫ |

| | পৃষ্ঠা নং |
|---|---|
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ..............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**অর্থ মন্ত্রণালয়**
**সঞ্চয় শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১১ শ্রাবণ ১৪৩৩/২৬ জুলাই ২০২৬

নং **০৮.০০.০০০০.০০০.০৪১.২৭.২৭.০১৩.২৪.৫৮**—যেহেতু, জনাব সুরঞ্জিত দাশ, সহকারী পরিচালক, জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, মৌলভীবাজার গত ১৩ ডিসেম্বর ২০২৩ তারিখ থেকে অদ্যাবধি ছুটি মঞ্জুরি ব্যতিরেকে এবং উপযুক্ত কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত হয়েছেন;

২। যেহেতু, তাঁর উক্তরূপ কার্যকলাপ/আচরণ চাকরি শৃঙ্খলার জন্য হানিকর, শিষ্টাচার বহির্ভূত ও সরকারি আদেশ অবজ্ঞাকরণের শামিল যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' ও 'পলায়ন' এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ;

৩। যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ১২(১) অনুযায়ী তাঁকে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ০১ ডিসেম্বর ২০২৫ তারিখের ৫০ নং প্রজ্ঞাপনমূলে সরকারি চাকরি থেকে সাময়িক বরখাস্ত করা হয়;

৪। যেহেত, উল্লিখিত অপরাধে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগে বিভাগীয় মামলা (মামলা নম্বরঃ ০৪/২০২৫) রুজু করে ০১ ডিসেম্বর ২০২৫ খ্রি. তারিখের ৪৯ নং স্মারকের মাধ্যমে যথাক্রমে অভিযোগ বিবরণী ও অভিযোগনামা প্রেরণপূর্বক ১০ (দশ) কার্যদিবসের মধ্যে কারণ দর্শাতে নির্দেশ প্রদান করা হয়;

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

৫। যেহেতু, অভিযুক্তের প্রতি নোটিশ জারির যথাযথ প্রক্রিয়া অনুসরণ করা সত্ত্বেও নির্ধারিত সময়ের মধ্যে কোনো জবাব পাওয়া যায়নি। তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০২৮ এর বিধি ৭(২) অনুযায়ী অভিযোগ প্রমাণিত হলে গুরুদণ্ড আরোপের পর্যাপ্ত ভিত্তি থাকায় অভিযোগ তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত প্রতিবেদনে অভিযুক্তের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ প্রমাণিত হয়েছে, মর্মে মতামত প্রদান করা হয়;

৬। যেহেতু, তদন্ত প্রতিবেদন, প্রাসজ্ঞিক সকল বিষয়, প্রমাণিত অপরাধের গুরুত্ব ইত্যাদি সার্বিক বিষয় বিবেচনা করে জনাব সুরঞ্জিত দাশ এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৭(৮) বিধি অনুসরণক্রমে ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী 'চাকরি হতে বরখাস্তকরণ' বা বিধিতে বর্ণিত অন্য কোনো গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণক্রমে ০৭ মে ২০২৬ তারিখের ৩৭ নম্বর স্মারকে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ জারি করে ০৭(সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের নির্দেশ দেয়া হয়;

৭। যেহেতু, নোটিশ জারির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে অভিযুক্ত কর্মকর্তার জবাব না পাওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(ঘ) অনুযায়ী 'চাকরি হতে বরখাস্তকরণ' সূচক গুরুদণ্ড আরোপের সিদ্ধান্ত বহাল রাখা হয়; এবং

৮। যেহেতু, প্রস্তাবিত গুরুদণ্ড আরোপের বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক গৃহীত 'চাকরি হতে বরখাস্তকরণ' সূচক গুরুদণ্ড আরোপের সজো একমত পোষণ করে;

৯। সেহেতু, জনাব সুরঞ্জিত দাশ, সহকারী পরিচালক (সাময়িক বরখাস্ত), জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, মৌলভীবাজার এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের মতামত ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে একই বিধিমালার বিধি ৪(৩)(ঘ) অনুযায়ী 'চাকরি হতে বরখাস্তকরণ' সূচক গুরুদণ্ড প্রদান করা হলো।

১০। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আহসান হাবিব**

ভারপ্রাপ্ত সচিব।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**পুলিশ-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১৪ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ/২৯ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **৪৪.০০.০০০০.০০০.০৯৪.২৭.০০২৬.২১.৬৬৫**—যেহেতু, জনাব ফারহানা তাসকিন (বিপি-৮৫১৬১৭৮৩৮২), সহকারী পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা গত ২৮-০৩-২০১৮ তারিখ হতে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্ম হতে অনুপস্থিত থাকার কারণে তাঁর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(গ) মোতাবেক "পলায়ন" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়;

২। যেহেতু, সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) বিধি অনুসারে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্ম হতে অনুপস্থিতির শাস্তিযোগ্য অপরাধে একই বিধিমালার ১২(১) বিধি অনুযায়ী বিগত ২৮-০৩-২০১৮ তারিখ হতে তাঁকে চাকরি হতে সাময়িক বরখাস্ত করা প্রয়োজন ও সমীচীন;

৩। সেহেতু, সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ১২(১) অনুযায়ী জনাব ফারহানা তাসকিন (বিপি-৮৫১৬১৭৮৩৮২), সহকারী পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা-কে বিগত ২৮-০৩-২০১৮ তারিখ থেকে চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো;

৪। সাময়িক বরখাস্তকালে তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন;

৫। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৪.০০.০০০০.০০০.০৯৪.২৭.০০২৬.২১.৬৬৬**—যেহেতু, জনাব মোঃ আলী আশরাফ ভূঞা, বিপিএম, (বিপি-৭৯০৫১২২৭৯৬), পুলিশ সুপার, বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওএসডি), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (সুপারনিউমারারি অতিরিক্ত ডিআইজি) বিগত ০৭-০৩-২০২৫ তারিখ হতে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্ম হতে অনুপস্থিত রয়েছেন;

২। যেহেতু, তাঁর এহেন কর্মকাণ্ড সরকারি দায়িত্ব-কর্তব্য পালনে চরম অবহেলা ও সরকারি আইনানুগ আদেশ প্রতিপালনে অবজ্ঞা প্রদর্শন এবং বিভাগীয় শৃঙ্খলা পরিপন্থি যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) ও ২(চ) বিধি অনুসারে যথাক্রমে 'অসদাচরণ (Misconduct)' ও 'পলায়ন (Desertion)'-এর আওতাভুক্ত এবং একই বিধিমালার ৩(খ) ও ৩(গ) বিধি অনুসারে যথাক্রমে 'অসদাচরণ (Misconduct)' ও 'পলায়ন (Desertion)' -এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ;

৩। যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি অনুসারে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্ম হতে অনুপস্থিতির শাস্তিযোগ্য অপরাধে একই বিধিমালার বিধি ১২(১) অনুযায়ী বিগত ০৭-০৩-২০২৫ তারিখ হতে তাঁকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা প্রয়োজন ও সমীচীন;

৪। সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ১২(১) অনুযায়ী জনাব মোঃ আলী আশরাফ ভূঞা, বিপিএম, (বিপি-৭৯০৫১২২৭৯৬) পুলিশ সুপার, বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওএসডি), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (সুপারনিউমারারি অতিরিক্ত ডিআইজি)-কে বিগত ০৭-০৩-২০২৫ তারিখ থেকে চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো।

৫। সাময়িক বরখাস্তকালে তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

৬। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৪.০০.০০০০.০০০.০৯৪.২৭.০০২৬.২১.৬৬৭**—যেহেতু, জনাব এ. কে. এম. এহসানউল্লাহ এনডিসি (বিপি-৬৯০১১১৯৮২২), ডিআইজি, বাংলাদেশ পুলিশ একাডেমি, সারদা, রাজশাহী বিগত ২৯-১০-২০২৫ তারিখ হতে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্ম হতে অনুপস্থিত থাকার কারণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি অনুসারে যথাক্রমে 'অসদাচরণ (Misconduct)' ও 'পলায়ন (Desertion)' -এর অভিযোগে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়;

২। যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি অনুসারে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্ম হতে অনুপস্থিতির শাস্তিযোগ্য অপরাধে একই বিধিমালার বিধি ১২(১) অনুযায়ী বিগত ২৯-১০-২০২৫ তারিখ হতে তাঁকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা প্রয়োজন ও সমীচীন;

৩। সেহেতু, সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ১২(১) অনুযায়ী জনাব এ. কে. এম. এহসানউল্লাহ এনডিসি (বিপি-৬৯০১১১৯৮২২), ডিআইজি, বাংলাদেশ পুলিশ একাডেমি, সারদা, রাজশাহী-কে বিগত ২৯-১০-২০২৫ তারিখ থেকে চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো;

৪। সাময়িক বরখাস্তকালে তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

৬। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মনজুর মোর্শেদ চৌধুরী**
সিনিয়র সচিব।

## গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
## প্রশাসন শাখা-৭

### প্রজ্ঞাপন

তারিখ : ১৯ শ্রাবণ ১৪৩৩/০৩ আগস্ট ২০২৬

নং **২৫.০০.০০০০.০০০.১৩০.৯৯.০০১৬.১৭-৬১**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৬ মে ২০২৬ তারিখের ০৫.০০.০০০০.০০০.১৭১.০৪.০০০৯.২২.৪৮নং স্মারকে প্রদত্ত মতামত, তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন এবং নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারী (জ্যেষ্ঠতা ও পদোন্নতি) বিধিমালা ২০১১ এর বিধি ৫(৪) অনুযায়ী বিভাগীয় মামলার শাস্তি হতে অব্যাহতি পাওয়ার স্থাপত্য অধিদপ্তরের নির্বাহী স্থপতি জনাব শাবাব রায়হান কবীরকে তাঁর জুনিয়র কর্মকর্তার নির্বাহী স্থপতি পদে পদোন্নতির তারিখ ০৯-০৫-২০১৯ হতে নির্বাহী স্থপতি হিসেবে ধারণাগত জ্যেষ্ঠতা প্রদান করা হলো। এক্ষেত্রে তিনি পদোন্নতিপ্রাপ্ত পদে প্রকৃত যোগদানের তারিখের পূর্বের কোনো বকেয়া আর্থিক সুবিধা প্রাপ্য হবেন না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো. আবু নাছের**
উপসচিব।

## স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
## স্বাস্থ্য সেবা বিভাগ
## শৃঙ্খলা-২ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ২৬ জুলাই ২০২৬ খ্রি.

নং **৪৫.০০.০০০০.১৫১.২৭.০০৬.২৬-১৫**—যেহেতু, ডা. কামাল হোসেন মুফতি (১০০৯৯০০), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (ইউএইচএফপিও), মোড়েলগঞ্জ, বাগেরহাট-এ কর্মরত আছেন;

যেহেতু, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী গত ২৫-০৭-২০২৬ খ্রি. তারিখে খুলনা বিভাগের বাগেরহাট জেলার মোড়েলগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স পরিদর্শন করেন;

যেহেতু, পরিদর্শনকালে অনিয়ম, দুর্নীতি, অব্যবস্থাপনা, পরিত্যাক্ত ভবন, এমনকি সৌচাগারে মেয়াদ উত্তীর্ণ ঔষধ পাওয়া যায়। যা চিকিৎসা সেবায় সুনাম নষ্ট করছে;

যেহেত, সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৩৯(১) ধারা অনুযায়ী, 'কোনো কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় কার্যধারা প্রস্তাব বা বিভাগীয় কার্যধারা রুজু করা হইলে, সরকার বা নিয়োগকারী কর্তৃপক্ষ অভিযোগের মাত্রা ও প্রকৃতি অভিযুক্ত কর্মচারীকে তাহার দায়িত্ব হইতে বিরত রাখিবার আবশ্যকতা, তৎকর্তৃক তদন্তকার্যে প্রভাব বিস্তারের আশঙ্কা, ইত্যাদি বিবেচনা করিয়া তাহাকে সাময়িক বরখাস্ত করিতে পারিবে';

সেহেতু, ডা. কামাল হোসেন মুফতি (১০০৯৯০০), কে সাময়িক বরখাস্তের প্রজ্ঞাপনের তারিখ হতে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো;

সাময়িক বরখাস্ত থাকাকালে তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ কামরুজ্জামান চৌধুরী**
সচিব।

---

**শৃঙ্খলা-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১২ শ্রাবণ ১৪৩৩/২৭ জুলাই ২০২৬ খ্রি.

নং **৪৫.০০.০০০০.১২২.২৭.০২৮.২৬-৫৯**—যেহেতু, ডা. মোঃ হাছিবুর রহমান (১২৮৭৯৩), জুনিয়র কনসালটেন্ট (ইএনটি), সদর হাসপাতাল, সাতক্ষীরায়-এ কর্মরত আছেন;

যেহেতু, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী গত ২৬-০৭-২০২৬ তারিখ খুলনা বিভাগের সদর হাসপাতাল, সাতক্ষীরা পরিদর্শন করেন;

যেহেতু, পরিদর্শকালে দেখতে পান ডা. মোঃ হাছিবুর রহমান (১২৮৭৯৩), জুনিয়র কনসালটেন্ট (ইএনটি), সদর হাসপাতাল, সাতক্ষীরা গত ০১-০৬-২০২৪ হতে ২২-০৭-২০২৪ তারিখ পর্যন্ত ও ১৮-০৭-২০২৪ হতে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, ইতোমধ্যে আনীত অভিযোগের পরিপ্রেক্ষিতে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়েছে, যা বর্তমানে চলমান রয়েছে;

যেহেতু, সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৩৯(১) ধারা অনুযায়ী, 'কোনো কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় কার্যধারা প্রস্তাব বা বিভাগীয় কার্যধারা রুজু করা হইলে, সরকার বা নিয়োগকারী কর্তৃপক্ষ অভিযোগের মাত্রা ও প্রকৃতি অভিযুক্ত কর্মচারীকে তাহার দায়িত্ব হইতে বিরত রাখিবার আবশ্যকতা, তৎকর্তৃক তদন্তকার্যে প্রভাব বিস্তারের আশঙ্কা, ইত্যাদি বিবেচনা করিয়া তাহাকে সাময়িক বরখাস্ত করিতে পারিবে';

সেহেতু, ডা. মোঃ হাছিবুর রহমান (১২৮৭৯৩), কে সাময়িক বরখাস্তের প্রজ্ঞাপনের তারিখ হতে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো;

সাময়িক বরখাস্ত থাকাকালে তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ কামরুজ্জামান চৌধুরী**
সচিব।

**শৃঙ্খলা-৩ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১২ শ্রাবণ ১৪৩৩/২৭ জুলাই ২০২৬ খ্রি.

নং **৪৫.০০.০০০০.১২২.২৭.০২৭.২৬-৬১**—যেহেতু, ডা. শাওলী নানজীবা তন্বী (১৫০৫৫৩), মেডিকেল অফিসার, সহকারী সার্জন (সার্জারী), তালা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সাতক্ষীরাতে কর্মরত আছেন;

যেহেতু, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী গত ২৬-০৭-২০২৬ তারিখ খুলনা বিভাগের সাতক্ষীরা জেলার তালা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স পরিদর্শন করেন;

যেহেতু, পরিদর্শকালে ডা. শাওলী নানজীবা তন্বী (১৫০৫৫৩), মেডিকেল অফিসার, সহকারী সার্জন (সার্জারী), তালা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সাতক্ষীরা-কে দীর্ঘদিন ধরে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত পান;

যেহেতু, ইতোমধ্যে আনীত অভিযোগের পরিপ্রেক্ষিতে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়েছে, যা বর্তমানে চলমান রয়েছে;

যেহেতু, সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৩৯(১) ধারা অনুযায়ী, 'কোনো কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় কার্যধারা প্রস্তাব বা বিভাগীয় কার্যধারা রুজু করা হইলে, সরকার বা নিয়োগকারী কর্তৃপক্ষ অভিযোগের মাত্রা ও প্রকৃতি অভিযুক্ত কর্মচারীকে তাহার দায়িত্ব হইতে বিরত রাখিবার আবশ্যকতা, তৎকর্তৃক তদন্তকার্যে প্রভাব বিস্তারের আশঙ্কা, ইত্যাদি বিবেচনা করিয়া তাহাকে সাময়িক বরখাস্ত করিতে পারিবে';

সেহেতু ডা. শাওলী নানজীবা তন্বী (১৫০৫৫৩), কে সাময়িক বরখাস্তের প্রজ্ঞাপনের তারিখ হতে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো;

সাময়িক বরখাস্ত থাকাকালে তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৫.০০.০০০০.১২২.২৭.০২৩.২৬-৬৩**—যেহেতু, ডা. মোঃ ইসমাইল আল রাজীব (১২৬৩৬৭), আবাসিক মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, রায়পুরা, নরসিংদীতে কর্মরত আছেন;

যেহেতু, অবৈধ মাদকদ্রব্য (ইয়াবা ট্যাবলেট) বহন করার অভিযোগে গ্রেপ্তার হয়ে নরসিংদী, রায়পুরা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইন, ২০১৮ এর ৩৬(১) সারণির ১০(ক) ধারায় দায়েরকৃত মামলা নং-৩৫, তাং-২৪-০৭-২০২৬ খ্রি. এর প্রেক্ষিতে কারাগারে অন্তরীণ আছেন;

যেহেতু, ইতোমধ্যে আনীত অভিযোগের পরিপ্রেক্ষিতে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়েছে, যা বর্তমানে চলমান রয়েছে;

যেহেতু, সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৩৯(২) ধারা অনুযায়ী, 'কোনো কর্মচারী দেনার দায়ে কারাগারে আটক থাকিলে, অথবা কোনো ফৌজদারি মামলায় গ্রেফতার হইলে বা তাহার বিরুদ্ধে অভিযোগপত্র গৃহীত হইলে, সরকার বা নিয়োগকারী কর্তৃপক্ষ উক্তরূপ আটক, গ্রেফতার বা অভিযোগপত্র গ্রহণের দিন হইতে তাহাকে সাময়িক বরখাস্ত করিতে পারিবে';

সেহেতু, ডা. মোঃ ইসমাইল আল রাজীব (১২৬৩৬৭), কে সাময়িক বরখাস্তের প্রজ্ঞাপনের তারিখ হতে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

সাময়িক বরখাস্ত থাকাকালে তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪৫.০০.০০০০.১২২.২৭.০২৯.২৬-৬৫**—যেহেতু, ডা. পলাশ কুমার সরকার (১২০৫২৯), রেডিওলজিস্ট, সাতক্ষীরা সদর হাসপাতাল, সাতক্ষীরায় কর্মরত আছেন;

যেহেতু, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী গত ২৬-০৭-২০২৬ খ্রি. তারিখ খুলনা বিভাগের সাতক্ষীরা সদর হাসপাতাল পরিদর্শন করেন:

যেহেতু, পরিদর্শনকালে ডা. পলাশ কুমার সরকার (১২০৫২৯), রেডিওলজিস্ট, সাতক্ষীরা সদর হাসপাতাল, সাতক্ষীরা-কে ০৪-১২-২০২৫ খ্রি. তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত পান;

যেহেতু, ইতোমধ্যে আনীত অভিযোগের পরিপ্রেক্ষিতে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়েছে, যা বর্তমানে চলমান রয়েছে:

যেহেতু, সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৩৯(১) ধারা অনুযায়ী, ‘কোনো কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় কার্যধারা প্রস্তাব বা বিভাগীয় কার্যধারা রুজু করা হইলে, সরকার বা নিয়োগকারী কর্তৃপক্ষ অভিযোগের মাত্রা ও প্রকৃতি, অভিযুক্ত কর্মচারীকে তাহার দায়িত্ব হইতে বিরত রাখিবার আবশ্যকতা, তৎকর্তৃক তদন্তকার্যে প্রভাব বিস্তারের আশঙ্কা, ইত্যাদি বিবেচনা করিয়া তাহাকে সাময়িক বরখাস্ত করিতে পারিবে’;

সেহেতু, ডা. পলাশ কুমার সরকার (১২০৫২৯), কে সাময়িক বরখাস্তের প্রজ্ঞাপনের তারিখ হতে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো;

সাময়িক বরখাস্ত থাকাকালে তিনি বিধি অনুযায়ী খোরপোশ ভাতা প্রাপ্য হবেন।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ কামরুজ্জামান চৌধুরী**
সচিব।

---

**শৃঙ্খলা-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১২ শ্রাবণ ১৪৩৩/২৭ জুলাই ২০২৬

**নং ৪৫.০০.০০০০.১২২.২৭.০২৬.২৬-৬৭**—যেহেতু, ডা. সোহানা সেলিম (১২৫২৩১), জুনিয়র কনসালটেন্ট (ইএনটি), সাতক্ষীরা মেডিকেল কলেজ হাসপাতাল, সাতক্ষীরায় কর্মরত আছেন;

যেহেতু, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী গত ২৬-০৭-২০২৬ তারিখ খুলনা বিভাগের সাতক্ষীরা মেডিকেল কলেজ হাসপাতাল, সাতক্ষীরা পরিদর্শন করেন;

যেহেতু, পরিদর্শনকালে ডা. সোহানা সেলিম (১২৫২৩১), জুনিয়র কনসালটেন্ট (ইএনটি), সাতক্ষীরা মেডিকেল কলেজ হাসপাতাল, সাতক্ষীরা-কে ০১ (এক) মাসের বেশি সময় ধরে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত পান;

যেহেতু, ইতোমধ্যে আনীত অভিযোগের পরিপ্রেক্ষিতে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়েছে, যা বর্তমানে চলমান রয়েছে;

যেহেতু, সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৩৯(১) ধারা অনুযায়ী, ‘কোনো কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় কার্যধারা প্রস্তাব বা বিভাগীয় কার্যধারা রুজু করা হইলে, সরকার বা নিয়োগকারী কর্তৃপক্ষ অভিযোগের মাত্রা ও প্রকৃতি, অভিযুক্ত কর্মচারীকে তাহার দায়িত্ব হইতে বিরত রাখিবার আবশ্যকতা, তৎকর্তৃক তদন্তকার্যে প্রভাব বিস্তারের আশঙ্কা, ইত্যাদি বিবেচনা করিয়া তাহাকে সাময়িক বরখাস্ত করিতে পারিবে’;

সেহেতু, ডা. সোহানা সেলিম (১২৫২৩১)-কে সাময়িক বরখাস্তের প্রজ্ঞাপনের তারিখ হতে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো;

সাময়িক বরখাস্ত থাকাকালে তিনি বিধি অনুযায়ী খোরপোশ ভাতা প্রাপ্য হবেন।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ কামরুজ্জামান চৌধুরী**
সচিব।

---

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**

**প্রাণিসম্পদ-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৩ শ্রাবণ ১৪৩৩/২৮ জুলাই ২০২৬

**নং ৩৩.০০.০০০০.১১৯.২৭.০০৭.২৩-১৪৭**—যেহেতু, ডাঃ আবু হেনা মোঃ মোস্তফা কামাল (গ্রেডেশন নং-১২৬৮), উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লীভ, ডেপুটেশন এন্ড ট্রেনিং রিজার্ভ পদ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা এর অনুকূলে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ০৩-০৯-২০১৮ তারিখের ৩৩.০০.০০০০.১১৭.০৮.০০১.১১-৫২৮/১ সংখ্যক স্মারকমূলে মার্কিন যুক্তরাষ্ট্রস্থ AKBAR Marketplace under LLC Corporation, 3373 Rochester Rd. Troy MI 48083, USA তে Manager পদে চাকরির জন্য লিয়েন মঞ্জুর করা হয়। তার মঞ্জুরিকৃত লিয়েনের মেয়াদ গত ০৩-০৯-২০২১ খ্রিঃ তারিখে ০৩ (তিন) বছর পূর্ণ হয়। তিনি উক্ত মঞ্জুরিকৃত লিয়েনের মেয়াদ শেষ হওয়ার পর ০৪-০৯-২০২১ তারিখে কর্মস্থলে যোগদান করেননি এবং লিয়েনের মেয়াদ বৃদ্ধির জন্যও আবেদন করেননি। ডাঃ আবু হেনা মোঃ মোস্তফা কামাল (গ্রেডেশন নং-১২৬৮), বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির কারণে তার বিরুদ্ধে মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তরের অভিযোগের পরিপ্রেক্ষিতে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী যথাক্রমে ‘অসদাচরণ’ ও ‘পলায়ন’ এর অভিযোগে রুজুকৃত ০৩/২০২৩ নম্বর বিভাগীয় মামলায় ২০-০৯-২০২৩ তারিখের ৩৩.০০.০০০০.১১৯.২৭.০০৭.২৩-২৪৬ নম্বর স্মারকমূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করে তাকে কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হয়; এবং

০২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ডাঃ আবু হেনা মোঃ মোস্তফা কামাল-এর বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা এবং ব্যক্তিগত ই-মেইল ঠিকানায় অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়। কিন্তু নির্ধারিত সময় অতিক্রান্ত হওয়ার পরও অদ্যাবধি অভিযুক্ত কর্মকর্তা কারণ দর্শানোর লিখিত জবাব দাখিল করেননি। এ বিষয়ে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(৩) বিধিমতে অভিযোগটি তদন্ত করার জন্য জনাব শাহীনা ফেরদৌসী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা জনাব শাহীনা ফেরদৌসী ১৮-০২-২০২৬ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্তে তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়। তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(৮) বিধি মোতাবেক তাকে কেন "চাকরি হতে বরখাস্তকরণ" সূচক গুরুদণ্ড প্রদান করা হবে না এ মর্মে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়; এবং

০৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ডাঃ আবু হেনা মোঃ মোস্তফা কামাল (গ্রেডেশন নং-১২৬৮), এর নিকট দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা এবং ব্যক্তিগত ই-মেইল ঠিকানায় প্রেরণ করা হয়। অভিযুক্ত কর্মকর্তা অদ্যাবধি দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেননি। অভিযুক্ত কর্মকর্তা ব্যক্তিগত জবাব দাখিল না করায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ৩ এর (ঘ) অনুযায়ী তাকে 'চাকরি হতে বরখাস্তকরণ' গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় এবং প্রস্তাবিত গুরুদণ্ড প্রদানের বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন (পরামর্শ) প্রবিধানমালা, ১৯৭৯ এর প্রবিধান-৬ এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৭এর উপবিধি-১০ মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনে পরামর্শ চাওয়া হয়। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন ডাঃ আবু হেনা মোঃ মোস্তফা কামাল (গ্রেডেশন নং-১২৬৮)-কে 'চাকরি হতে বরখাস্তকরণ' নামীয় গুরুদণ্ড প্রদানের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে; এবং

০৪। যেহেতু, ডাঃ আবু হেনা মোঃ মোস্তফা কামাল (গ্রেডেশন নং-১২৬৮), উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লীভ, ডেপুটেশন এন্ড ট্রেনিং রিজার্ভ পদ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা-এর বিরুদ্ধে রুজুকৃত এ বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশন প্রস্তাবিত গুরুদণ্ডের সাথে একমত পোষণ করায় একই বিধিমালার ৪(৩) (ঘ) বিধি অনুযায়ী তাকে 'চাকরি হতে বরখাস্তকরণ' নামীয় গুরুদণ্ড প্রদানের বিষয়ে মহামান্য রাষ্ট্রপতি সদয় সম্মতি জ্ঞাপন করেছেন;

০৫। সেহেতু, ডাঃ আবু হেনা মোঃ মোস্তফা কামাল (গ্রেডেশন নং-১২৬৮), উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লীভ, ডেপুটেশন এন্ড ট্রেনিং রিজার্ভ পদ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা-এর বিরুদ্ধে রুজুকৃত এ বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশন প্রস্তাবিত গুরুদণ্ডের সাথে একমত পোষণ করায় একই বিধিমালার ৪ (৩) (ঘ) বিধিমতে তাকে পলায়নের তারিখ অর্থাৎ ০৪ সেপ্টেম্বর ২০২১ তারিখ থেকে 'চাকরি হতে বরখাস্তকরণ' নামীয় গুরুদণ্ড প্রদান করা হলো;

০৬। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলোয়ার হোসেন**
সচিব।

**মৎস্য-১ শাখা**

**শোক বার্তা**

তারিখ: ১৫ শ্রাবণ ১৪৩৩/৩০ জুলাই ২০২৬

**নং ৩৩.০০.০০০০.১২৬.০৫.০৫৪.১৩.৫৫৬**—মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীন মৎস্য অধিদপ্তরের জনাব মোঃ আয়নাল হক, পরিচালক (চলতি দায়িত্ব), মৎস্য অধিদপ্তর, রংপুর বিভাগ, রংপুর গত ৩ জুলাই ২০২৬ তারিখ রোজ শুক্রবার রাত ৯:৩১ ঘটিকায় রংপুর মেডিকেল কলেজ হাসপাতাল, রংপুরে চিকিৎসারত অবস্থায় মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

২। জনাব মোঃ আয়নাল হক নওগাঁ জেলার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে ২০ ডিসেম্বর ১৯৬৮ তারিখে জন্ম গ্রহণ করেন। তিনি ১৭তম বিসিএস (মৎস্য) ক্যাডারে সুপারিশপ্রাপ্ত হয়ে ২২ ফেব্রুয়ারি ১৯৯৮ তারিখে থানা মৎস্য কর্মকর্তা পদে মৎস্য অধিদপ্তরে চাকরিতে প্রথম যোগদান করেন। মৃত্যুর পূর্ব পর্যন্ত তিনি বিভিন্ন দপ্তরে অত্যন্ত নিষ্ঠার সাথে সরকারি দায়িত্ব পালন করেন।

৩। জনাব মোঃ আয়নাল হক তাঁর চাকরি জীবনে অত্যন্ত কর্তব্যপরায়ণ, দক্ষ, নিষ্ঠাবান ও সদালাপী ছিলেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, ০১ (এক) পুত্র, ০১ (এক) কন্যা, আত্মীয়-স্বজন এবং অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

৪। আমরা জনাব মোঃ আয়নাল হক এর মৃত্যুতে গভীর শোক প্রকাশসহ তাঁর রুহের মাগফিরাত কামনা করছে এবং মরহুমের পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছি।

**মোঃ দেলোয়ার হোসেন**
সচিব।

---

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**মজুরী বোর্ড শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৩ শ্রাবণ, ১৪৩৩/২৮ জুলাই, ২০২৬

**নং ৪০.০০.০০০০.০১৬.৩৬.০০৩.১৬-৫০**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ১৩৮ এর উপধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত আইনের ধারা ১৩৯ এ নির্ধারিত কার্যাবলি সম্পাদনের উদ্দেশ্যে, "প্রিন্টিং প্রেস" শিল্প সেক্টরের মালিক পক্ষের প্রতিনিধিত্ব করার জন্য মো: রাব্বানী জব্বার (জাতীয় পরিচয় পত্র নং-৭৩১০১৩০২০৩, মোবাইল নম্বর: ০১৭৯০-১১৬৬৩৩, চেয়ারম্যান, বাংলাদেশ মুদ্রণ শিল্প সমিতি। স্থায়ী ঠিকানা: গ্রাম-কৃষ্ণপুর, ওয়ার্ড-০৯, ডাকঘর-কে কল্যাণপুর, থানা-খালিয়াজুরী, জেলা-নেত্রকোনা। বর্তমান ঠিকানা: আনন্দ প্রিন্টার্স লিঃ, ২৯১ ফকিরাপুল, জমিদার বাড়ী, মতিঝিল, ঢাকা-১০০০-কে এতদ্বারা নিম্নতম মজুরি বোর্ড এর মালিকপক্ষের সদস্য নিয়োগ করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো: মাহবুবুর রহমান**
উপসচিব।

## তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
## বেতার-২ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ: ১৩ শ্রাবণ ১৪৩৩/২৮ জুলাই ২০২৬

বিষয়: **জাতীয় রেগুলেটরি কমিটি (National Regulatory Committee) গঠন**

**নং ১৫.০০.০০০০.০২২.৩৩.০০১.২২-২৫৫**—বেসরকারি মালিকানায় এফ.এম. বেতারকেন্দ্র স্থাপন ও পরিচালনা নীতিমালা-২০২২ এর অনুচ্ছেদ ১৮(৫), (৬) ও (৭) অনুসারে নিম্নবর্ণিত কর্মকর্তা ও ০৩ জন বিশিষ্ট নাগরিক এর সমন্বয়ে 'জাতীয় রেগুলেটরি কমিটি' (National Regulatory Committee) গঠন করা হলো।

**(ক) জাতীয় রেগুলেটরি কমিটি:**

**সভাপতি**

(১) সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**সদস্যবৃন্দ**

(২) যুগ্মসচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়

(৩) যুগ্মসচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

(৪) মহাপরিচালক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা

(৫) জনাব মোঃ ইমামুল হক (শামীম), চীফ অব এডিটরিয়াল স্ট্রাটেজী (সময় টিভি) ৫. নিউ সার্কুলারা রোড, (দ্বিতীয় তলা), পশ্চিম মালিবাগ, শান্তিনগর, রমনা, ঢাকা

(৬) জনাব মোঃ আরিফুল ইসলাম, ডিডিজি (প্রোগ্রাম, চলতি দায়িত্ব) অবঃ বাংলাদেশ বেতার ১/কে, হোপ এপার্টমেন্ট, ২১ সিদ্ধেশ্বরী, রমনা, ঢাকা।

(৭) জনাব মোঃ রফিকুল হক, ম্যানেজিং ডিরেক্টর, রেডিও টুডে, হাউজ নং-২৩, রোড-১০, ব্লক-কে বারিধারা, ঢাকা

(৮) বিটিআরসি'র একজন প্রতিনিধি (পরিচালক বা তদূর্ধ্ব পর্যায়ের)

**সদস্য-সচিব**

(৯) যুগ্মসচিব (বেতার), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**(খ) কমিটির কার্যপরিধি:**

১। (ক) বেসরকারি মালিকানাধীন এফএম বেতার কেন্দ্র স্থাপনের লক্ষ্যে 'কারিগরি উপ কমিটি' কর্তৃক সুপারিশকৃত প্রতিষ্ঠানের তালিকা চূড়ান্ত করে সরকারের অনুমোদনের জন্য পেশ করা;

(খ) সম্প্রচার সংক্রান্ত আইন-কানুন ও বিধি-বিধান পর্যালোচনা করা এবং বেসরকারি মালিকানাধীন এফএম বেতারকেন্দ্র পরিচালনায় সময়োপযোগী সংশোধনী সম্পর্কে পরামর্শ প্রদান করা;

(গ) 'কারিগরির উপ-কমিটি' এবং 'মনিটরিং কমিটি'র রিপোর্ট পর্যালোচনা করে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা;

(ঘ) বেসরকারি মালিকানাধীন এফএম বেতারকেন্দ্র স্থাপন ও পরিচালনা নীতিমালা লঙ্ঘিত হচ্ছে কিনা সে বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা।

২। বেসরকারি মালিকানাধীন এফ.এম. বেতার কেন্দ্র স্থাপন ও পরিচালনা সংক্রান্ত ইতোপুরে জারীকৃত জাতীয় রেগুলেটরি কমিটির প্রজ্ঞাপনটি এতদ্বারা বাতিল করা হলো।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ ইব্রাহিম ভূঞা**
উপসচিব।

---

## বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
## সিএ-২ অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ: ১১ শ্রাবণ ১৪৩৩/২৬ জুলাই ২০২৬

**নং ৩০.০০.০০০০.০০০.০১৪.২৪.০০০৭.২৬-২১২**—চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর সুপারিশের আলোকে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স এর Boeing 787-8/9 এবং Boeing 777-300ER (GE 90-115B) aircraft এর Line Maintenance সম্পন্ন করার নিমিত্ত Technic-Air 2000 Inc. এর অনুকূলে ০৬ (ছয়) মাসের (০৩ আগস্ট ২০২৬ হতে ০২ ফেব্রুয়ারি ২০২৭ পর্যন্ত) জন্য বেসামরিক বিমান চলাচল আইন, ২০১৭ এর ধারা ৪৪(১) এর বিধানমতে CAR 1984 এর Rule 190 (4 & 5) এর অব্যাহতি (Exemption) জনস্বার্থে প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নুরুল হুদা**
উপসচিব।

---

## ভূমি মন্ত্রণালয়
## জরিপ-২ শাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ: ০৭ শ্রাবণ ১৪৩৩/২২ জুলাই ২০২৬

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩৬.১১২.১০(অংশ-২).৭২**—রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ (১৫৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪(৭) ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজার আংশিক খতিয়ানসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলো:

| ক্রমিক নম্বর | মৌজার নাম | জে.এল নম্বর | খতিয়ান সংখ্যা | খতিয়ান নম্বর | থানা | জেলা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | বাঁশপাড়া | ২৭ | ১৮ (আঠারো) | ৭৩, ১০৬, ১২৫, ২৪৭, ৭৭৯, ৭৮২, ৮৬৬, ৯১৭, ৯৭৩, ১৪৯৮, ১৫৫২, ১৬৩৭, ১৬৯০, ১৬৯১, ১৭৪৪, ১৭৬৮, ১৭৮৪ ও ১৭৮৬ | ছাগলনাইয়া | ফেনী | মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত ৩৪৪১/২০০৮ নং রিট পিটিশন নিষ্পত্তি হওয়ায়। |

তারিখ: ১১ শ্রাবণ ১৪৩৩/২৬ জুলাই ২০২৬

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৩.০০৭৮.২৪.১৮১**—রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪(৭) ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাটির স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলো:

| ক্রমিক নম্বর | মৌজার নাম | জে.এল নম্বর | খতিয়ান সংখ্যা | সিট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ১ | রাজাঘাট | ১৯১ | ১৮০৪ | ০৮ | সাভার | ঢাকা |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ ইব্রাহিম মিয়াজী**
সহকারী সচিব।

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৪ শ্রাবণ ১৪৩৩/২৯ জুলাই ২০২৬

নং **১৭.০০.০০০০.০৮৩.২৭.০০৪৫.২৬-৬২৩**—যেহেতু, জনাব মোঃ এনামুল হক (পরিচিতি নম্বর-১০৯০৫১২৮), জেলা নির্বাচন কর্মকর্তা, মেহেরপুর এর বিরুদ্ধে ২০২৫ সনের দু'টি আংশিক গোপনীয় অনুবেদন নির্ধারিত সময়সীমা (৩১ মার্চ ২০২৬) অতিবাহিত হওয়ার ০১ মাস ১১ দিন পর অর্থাৎ ১২-০৫-২০২৬ তারিখে ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করেছেন মর্মে অভিযোগ উত্থাপিত হয়; বিলম্বে অনুবেদন প্রেরণ করায় নির্বাচন কমিশন সচিবালয় হতে তাকে কারণ দর্শানো হয়; তার দাখিলকৃত কারণ দর্শানোর জবাব কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক বিবেচিত হয়নি; কর্তব্যে অবহেলা প্রদর্শন করা ও সরকারি আদেশ অবজ্ঞাকরণের দায়ে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নম্বর- ০৬/২০২৬ রুজু করে অভিযোগনামায় কারণ দর্শানো হয়;

যেহেতু, তিনি অভিযোগনামার লিখিত জবাব দাখিল পূর্বক ব্যক্তিগত শুনানির অভিপ্রায় ব্যক্ত করেন; গত ২৬-০৭-২০২৬ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়; শুনানিতে তিনি আত্মপক্ষ সমর্থনে উল্লেখ করেন যে, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের কার্যক্রমে সার্বক্ষণিক নিয়োজিত থাকায় অনিচ্ছাকৃত ভুলের কারণে অনুবেদন দু'টি বিলম্বে প্রেরণ করেন; তার অনিচ্ছাকৃত ভুলের জন্য ক্ষমা প্রার্থনা পূর্বক ভবিষ্যতে অধিকতর সতর্কতার সাথে দায়িত্ব পালন করবেন মর্মে অঙ্গীকার করেন;

যেহেতু, শুনানিঅন্তে নথি পর্যালোচনায় দেখা যায় যে, অভিযুক্ত কর্মকর্তা উল্লিখিত দু'টি অনুবেদন স্বাক্ষর পূর্বক ২৫-০১-২০২৬ তারিখে ডোসিয়ার কর্তৃপক্ষের নিকট প্রেরণের জন্য তার অফিসের উচ্চমান সহকারী জনাব মোঃ মাসুদ রানা-কে নির্দেশনা প্রদান করেন; তিনি এবং উক্ত কর্মচারী ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের কার্যক্রমে সার্বক্ষণিক নিয়োজিত থাকায় অনিচ্ছাকৃত ভুলের কারণে বিলম্বে অনুবেদন প্রেরণ করেছেন; এই ক্ষেত্রে অভিযুক্ত কর্মকর্তার অসৎ কোনো উদ্দেশ্য ছিল না; রেকর্ডপত্রে ইতিপূর্বে তার বিরুদ্ধে কোনো অভিযোগ নেই; তার চাকরির ভবিষ্যত ও আনুষঙ্গিক বিষয় বিবেচনায় তাকে অধিকতর সতর্কতার সাথে দায়িত্ব পালনের একটি সুযোগ প্রদান করা সমীচীন মর্মে প্রতীয়মান হয়;

সেহেতু, সামগ্রিক বিবেচনায় জনাব মোঃ এনামুল হক (পরিচিতি নম্বর-১০৯০৫১২৮), জেলা নির্বাচন কর্মকর্তা, মেহেরপুর-কে ভবিষ্যতে অধিকতর সতর্কতার সাথে সরকারি দায়িত্ব পালনের জন্য নির্দেশ প্রদান করা হলো। একই সাথে তার বিরুদ্ধে আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করতঃ বিভাগীয় মামলা নম্বর-০৬/২০২৬ নিষ্পত্তি করা হলো।

এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**আখতার আহমেদ**
সিনিয়র সচিব।

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১১ শ্রাবণ ১৪৩৩/২৬ জুলাই ২০২৬

নং **৫৩.০০.০০০০.০০০.৩১২.২২.০০০২.১৯.৩০৩**—রাষ্ট্রমালিকানাধীন সম্মিলিত ইসলামী ব্যাংক পিএলসি এর ব্যবস্থাপনা পরিচালক, উপব্যবস্থাপনা পরিচালক ও মহাব্যবস্থাপক পদে নিয়োগ ও পদায়ন নীতিমালা-২০২৬-কে রহিতপূর্বক যুগোপযোগী করে পুনঃপ্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয় মর্মে প্রতীয়মান হওয়ায় নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হলো:

১। **শিরোনাম:** এ নীতিমালা "রাষ্ট্রমালিকানাধীন সম্মিলিত ইসলামী ব্যাংক পিএলসি এর ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা পদে নিয়োগের জন্য মনোনয়ন প্রদান নীতিমালা-২০২৬" নামে অভিহিত হবে।

২। **প্রযোজ্যতা:** এ নীতিমালা রাষ্ট্রমালিকানাধীন সম্মিলিত ইসলামী ব্যাংক পিএলসি এর ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা পদে নিয়োগের জন্য প্রার্থী মনোনয়নের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

৩। **ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা পদে নিয়োগের জন্য প্রার্থী মনোনয়নের ক্ষেত্রে প্রার্থীর যোগ্যতা ও উপযুক্ততা:**

(ক) **শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও উপযুক্ততা:**

(১) প্রার্থীকে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। তবে অর্থনীতি, হিসাববিজ্ঞান, ফাইন্যান্স, ব্যাংকিং, ব্যবস্থাপনা অথবা ব্যবসায় প্রশাসন বিষয়ে উচ্চতর প্রাতিষ্ঠানিক বা পেশাগত শিক্ষায় যোগ্যতাসম্পন্ন প্রার্থীর অগ্রাধিকার দেওয়া হবে;

(২) শিক্ষাজীবনের কোনো পর্যায়ে তৃতীয় বিভাগ বা শ্রেণি গ্রহণযোগ্য হবে না। গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে এসএসসি বা সমমান ও এইচএসসি বা সমমান পরীক্ষার ক্ষেত্রে জিপিএ ৩.০০ এর কম এবং অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রে ৪.০০ পয়েন্ট স্কেলে ২.৫০ এর কম ও ৫.০০ পয়েন্ট স্কেলে ৩.০০ এর কম হলে তা গ্রহণযোগ্য হবে না। বিদেশ থেকে ডিগ্রি অর্জনের ক্ষেত্রে প্রকাশিত ফলাফল (শ্রেণি/বিভাগ/সিজিপিএ) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ও সত্যায়িত হতে হবে;

(৩) ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে সক্রিয় কর্মকর্তা[১] হিসেবে কমপক্ষে ২০ (বিশ) বছরের অভিজ্ঞতাসহ ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা পদে কর্মরত অথবা অবসরপ্রাপ্ত অথবা ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা পদের অব্যবহিত পূর্ববর্তী পদে কমপক্ষে দুই বছরের কর্ম-অভিজ্ঞতা সম্পন্ন কর্মকর্তা নিয়োগের যোগ্য হবেন;

(৪) শরিয়াহ্‌ভিত্তিক ব্যাংকিং কার্যক্রম, শরিয়াহ্‌ গভর্ন্যান্স, শরিয়াহ্‌ভিত্তিক ঝুঁকি ব্যবস্থাপনা, ইসলামিক ফাইন্যান্স প্রোডাক্টস ও হিসাবায়ন সম্পর্কে পূর্ণাঙ্গ জ্ঞান থাকতে হবে;

(৫) ব্যাংক বা আর্থিক খাতে একীভূতকরণ ও অধিগ্রহণ সংক্রান্ত অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেওয়া হবে;

(৬) প্রার্থীকে আইটি নিরাপত্তা, সাইবার ঝুঁকি ব্যবস্থাপনা এবং Anti-Money Laundering/Counter-Terrorist Financing) সম্পর্কে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে;

(৭) প্রার্থীর চাকরি জীবনে সকল স্তরে কার্যসম্পাদনের ক্ষেত্রে সততা, সুনাম ও সন্তোষজনক চাকরির রেকর্ড থাকতে হবে;

(৮) প্রার্থীকে দৃঢ় নেতৃত্বে, কৌশলগত পরিকল্পনা এবং নৈতিক মূল্যবোধসম্পন্ন হতে হবে;

(৯) প্রার্থী অন্য কোনো ব্যবসায়ে বা পেশায় নিয়োজিত থাকতে পারবেন না;

(১০) সংশ্লিষ্ট ব্যাংকে প্রার্থীর কোনো ব্যবসায়িত স্বার্থ জড়িত থাকতে পারবে না।

[১] কোনো ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে নিয়মিত ও নিরবিচ্ছিন্নভাবে কর্মরত আছেন এবং চাকরির ধারাবাহিকতায় কোনো বিরতি ঘটেনি এমন কর্মকর্তা। তবে, ছুটি, প্রেষণ, বৈদেশিক প্রশিক্ষণ বা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত অন্য কোনো কারণে সাময়িকভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকলেও চাকরির ধারাবাহিকতা ব্যাহত হয়েছে বলে গণ্য হবে না।

(খ) **আর্থিক স্বচ্ছতা:**

(১) প্রার্থী কোনো ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হতে গৃহীত ঋণের জন্য খেলাপী নন;

(২) প্রার্থী আর্থিক অনিয়ম, প্রতারণা, জালিয়াতি, নিয়ন্ত্রক সংস্থার শর্তাবলি লঙ্ঘন বা অন্য কোনো আর্থিক অপরাধে জড়িত নন;

(৩) প্রার্থী কোনো সময় আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হননি;

(৪) প্রার্থী কর খেলাপী নন;

(৫) প্রার্থী ব্যাংক কিংবা আর্থিক প্রতিষ্ঠানে স্বীয় পেশায় দায়িত্ব পালনকালে কোনোরূপ অবৈধ কর্মকাণ্ডে জড়িত ছিলেন না।

**(গ) চারিত্রিক ও নৈতিক মূল্যবোধ:**

(১) প্রার্থী কোনো ফৌজদারি আদালত কর্তৃক দণ্ডিত নন কিংবা জাল-জালিয়াতি, আর্থিক অপরাধ বা অন্যবিধ অবৈধ কর্মকান্ডের সাথে জড়িত ছিলেন না বা জড়িত নন;

(২) প্রার্থী সম্পর্কে কোনো দেওয়ানী বা ফৌজদারি মামলায় আদালতের রায়ে কোনো বিরূপ পর্যবেক্ষণ বা মন্তব্য নেই;

(৩) প্রার্থী কোনো নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের বিধিমালা, প্রবিধান বা নিয়ামাচার লঙ্ঘনজনিত কারণে দণ্ডিত হননি;

(৪) প্রার্থী এমন কোনো কোম্পানি বা প্রতিষ্ঠানের মালিকানার সাথে যুক্ত ছিলেন না যার নিবন্ধন অথবা লাইসেন্স বাতিল করা হয়েছে অথবা কোম্পানি বা প্রতিষ্ঠানটি অবসায়িত হয়েছে;

(৫) প্রার্থী অর্থ আত্মসাৎ, দুর্নীতি, জাল-জালিয়াতি ও নৈতিক স্খলনজনিত কারণে কোনো কোম্পানি বা প্রতিষ্ঠানের চেয়ারম্যান বা পরিচালক বা কর্মকর্তা বা কর্মচারী থাকাকালীন স্বীয় পদ হতে অপসারণ/বরখাস্ত/ অবনমিত হননি বা অব্যাহতি প্রাপ্ত হননি;

(৬) কোনো ব্যাংক-কোম্পানি বা অন্য কোনো আর্থিক প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী বা চেয়ারম্যান বা পরিচালক বা কর্মকর্তা বা অন্য কোনো পদে আসীন থাকা অবস্থায় তাঁকে স্বীয় পদ হতে অপসারণ/বরখাস্ত/অবনমিত করা হয়নি বা অব্যাহতি দেওয়া হয়নি।

৪। **বয়স সীমা:** প্রার্থীর ন্যূনতম বয়স হবে ৪৫ (পঁয়তাল্লিশ) বছর এবং কোনো ব্যক্তির বয়স ৬৫ (পঁয়ষট্টি) বছর অতিক্রান্ত হলে তিনি ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা পদে অধিষ্ঠিত থাকতে পারবেন না।

৫। **চুক্তির মেয়াদ:** ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা পদে সর্বোচ্চ তিন বছর মেয়াদে চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা যাবে। প্রয়োজনে সরকার ও পরিচালনা পর্ষদের সুপারিশক্রমে পুনঃনিয়োগের জন্য বিবেচনা করা যাবে।

৬। **ব্যাবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা পদে নিয়োগের জন্য প্রার্থী মনোনয়নের ক্ষেত্রে অনুসরণীয় পদ্ধতি:**

(ক) বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে উন্মুক্ত প্রতিযোগিতার ভিত্তিতে চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হবে;

(খ) অনুচ্ছেদ ৭ এ বর্ণিত বাছাই কমিটি কর্তৃক ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা পদে মনোনয়নের নিমিত্ত প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা, জ্যেষ্ঠতা, অভিজ্ঞতা, পেশাগত দক্ষতা, সততা, সুনাম, শরিয়াহ্‌ভিত্তিক ব্যাংকিং দক্ষতা এবং বাংলাদেশ ব্যাংকের এতদ্‌সংশ্লিষ্ট বিধিবিধান বিবেচনা করা হবে;

(গ) মনোনয়নকালে বাছাই কমিটি কর্তৃক প্রার্থী সম্পর্কে গোয়েন্দা প্রতিবেদন ও দুর্নীতি দমন কমিশনের প্রতিবেদন পর্যালোচনা করা হবে;

(ঘ) বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনক্রমে ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা পদে চুক্তিভিত্তিক নিয়োগের জন্য মনোনয়ন প্রদান করা হবে;

(ঙ) মনোনীত প্রার্থীকে সংশ্লিষ্ট ব্যাংকের পরিচালনা পর্ষদ কর্তৃক বাংলাদেশ ব্যাংকের সম্মতিক্রমে চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করতে হবে। ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা এর বেতন-ভাতা, অন্যান্য আর্থিক সুবিধা, চাকরির শর্তাবলি এবং কর্মসম্পাদন মূল্যায়নের কাঠামো বাংলাদেশ ব্যাংকের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট ব্যাংকের পরিচালনা পর্ষদ কর্তৃক নির্ধারিত হবে।

৭। **বাছাই কমিটি:** ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা পদে চুক্তিভিত্তিক নিয়োগের নিমিত্ত উপযুক্ত প্রার্থী মনোনয়নের জন্য নিম্নরূপ বাছাই কমিটি হবে;

| | | |
|---|---|---|
| (১) | অর্থমন্ত্রী | সভাপতি |
| (২) | প্রধানমন্ত্রীর মুখ্য সচিব | সদস্য |
| (৩) | গভর্নর, বাংলাদেশ ব্যাংক | সদস্য |
| (৪) | সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় | সদস্য |
| (৫) | সচিব, অর্থ বিভাগ | সদস্য |
| (৬) | সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | সদস্য |
| (৭) | চেয়ারম্যান, শরিয়াহ্ অ্যাডভাইজরি বোর্ড, বাংলাদেশ ব্যাংক | সদস্য |
| (৮) | অতিরিক্ত সচিব (কেন্দ্রীয় ও বাণিজ্যিক ব্যাংক অনুবিভাগ), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | সদস্য-সচিব |

৮। **উপকমিটি:** ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা পদে মনোনয়নের ক্ষেত্রে বাছাই কমিটি কর্তৃক প্রয়োজনে উপকমিটি গঠন করা যাবে।

৯। **অন্যান্য পদে নিয়োগ:** সম্মিলিত ইসলামী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও পরিচালনা পর্ষদের পরিচালক নিয়োগের নিমিত্ত মনোনয়ন ব্যতীত অন্যান্য পদে এ ব্যাংকের পরিচালনা পর্ষদ নিয়োগ ও পদায়ন করবে।

১০। এ নীতিমালায় যে সকল বিষয় উল্লেখ করা হয়নি সেসকল বিষয়ে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত নির্দেশনাবলি অনুসরণ করতে হবে।

১১। এ বিভাগ কর্তৃক ১৮ জানুয়ারি ২০২৬ তারিখে ৫৩.০০.০০০০.০০০.৩১২.২২.০০০২.১৯.৩৫ নং স্মারকে জারীকৃত নীতিমালাটি এতদ্বারা রহিত করা হলো। তবে, রহিত করা সত্ত্বেও রহিত নীতিমালার অধীনে কৃত কোনো কার্যক্রম বা গৃহীত কোনো ব্যবস্থা এ নীতিমালার অধীনে কৃত বা গৃহীত হয়েছে বলে গণ্য হবে। এ নীতিমালার কোনো বিষয়ে অস্পষ্টতা দেখা দিলে সে বিষয়ে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ব্যাখ্যা চূড়ান্ত মর্মে গণ্য হবে।

১২। এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আজিমুদ্দিন বিশ্বাস** এনডিসি
অতিরিক্ত সচিব।

---

**অর্থনৈতিক সম্পর্ক বিভাগ**
**এডিবি-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২৪ আষাঢ় ১৪৩৩/০৮ জুলাই ২০২৬

নং **০৯.০০.০০০০.০০০.১২৩.১৪.০০০১.২৫.১৬১**—উত্তরপশ্চিম-ঢাকা-দক্ষিণপূর্ব সমন্বিত প্রবৃদ্ধি নেটওয়ার্ক উন্নয়ন '(Northwest-Dhaka-Southeast Integrated Growth Network Development)' বাস্তবায়নের জন্য জাতীয় পর্যায়ের কৌশলগত নীতি নির্দেশনা প্রদান, সমন্বয় নিশ্চিতকরণ এবং অগ্রাধিকার নির্ধারণের লক্ষ্যে নিম্নরূপভাবে উত্তরপশ্চিম-ঢাকা-দক্ষিণপূর্ব সমন্বিত প্রবৃদ্ধি নেটওয়ার্ক ব্যবস্থাপনা জাতীয় স্টিয়ারিং কমিটি '(National Steering Committee on Northwest-Dhaka-Southeast Integrated Growth Network Management)' গঠন করা হলো:

**সভাপতি**

১. মাননীয় প্রধানমন্ত্রী

**সদস্যবৃন্দ**

২. মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
৩. মাননীয় মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়
৪. মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়
৫. মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৬. মাননীয় মন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
৭. মাননীয় মন্ত্রী, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
৮. মাননীয় মন্ত্রী, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
৯. মাননীয় মন্ত্রী, শিল্প মন্ত্রণালয়
১০. মাননীয় মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয়
১১. মাননীয় মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়
১২. মাননীয় মন্ত্রী, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
১৩. মাননীয় মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
১৪. মাননীয় মন্ত্রী, রেলপথ মন্ত্রণালয়

১৫. মাননীয় মন্ত্রী, নৌ পরিবহন মন্ত্রণালয়

১৬. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ

১৭. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ

১৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ পাবলিক প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি)

১৯. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

২০. মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

২১. গভর্নর, বাংলাদেশ ব্যাংক

২২. সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়

২৩. সচিব, অর্থ বিভাগ

২৪. সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

২৫. চেয়ারম্যান জাতীয় রাজস্ব বোর্ড

২৬. সচিব, রেলপথ মন্ত্রণালয়

২৭. সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

২৮. সচিব, সেতু বিভাগ

২৯. সদস্য (সচিব), সাধারণ অর্থনীতি বিভাগ, বাংলাদেশ পরিকল্পনা কমিশন

৩০. সচিব, শিল্প মন্ত্রণালয়

৩১. সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়

৩২. সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

৩৩. সচিব, পরিকল্পনা বিভাগ

৩৪. নির্বাহী চেয়ারম্যান, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ

৩৫. সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

৩৬. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

৩৭. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৩৮. সচিব, স্থানীয় সরকার বিভাগ

৩৯. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ

৪০. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

৪১. সচিব, কৃষি মন্ত্রণালয়

৪২. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

৪৩. সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়

৪৪. সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

৪৫. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

৪৬. সচিব, বিদ্যুৎ বিভাগ

৪৭. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়

৪৮. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

৪৯. সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

৫০. চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

৫১ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক মনোনীত সরকারি/বেসরকারি/বিশেষজ্ঞ প্রতিনিধি (প্রয়োজন অনুযায়ী)

জাতীয় স্টিয়ারিং কমিটি প্রয়োজনীয় সদস্য কো-অপ্ট করতে পারবে। অর্থনৈতিক সম্পর্ক বিভাগের এডিবি উইং কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

**২. প্রধান দায়িত্ব ও কার্যাবলি**

ক। উত্তরপশ্চিম-ঢাকা-দক্ষিণপূর্ব সমন্বিত প্রবৃদ্ধি নেটওয়ার্ক সম্পর্কিত জাতীয় নীতি, কৌশল ও মাস্টার প্ল্যান প্রণয়ন ও অনুমোদন প্রদান।

খ। আন্তঃমন্ত্রণালয় পর্যায়ে নীতিগত সমন্বয় (Policy-level coordination) নিশ্চিতকরণ।

গ। প্রকল্পসমূহের অগ্রাধিকার নির্ধারণ ও চূড়ান্ত অনুমোদন প্রদান।

ঘ। বৃহৎ বিনিয়োগ কাঠামো, অর্থায়ন কৌশল ও অংশীদারিত্ব নীতিমালা অনুমোদন।

ঙ। 'উত্তরপশ্চিম-ঢাকা-দক্ষিণপূর্ব সমন্বিত প্রবৃদ্ধি নেটওয়ার্ক সমন্বয় ইউনিট' কর্তৃক উপস্থাপিত অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনা এবং কৌশলগত দিকনির্দেশনা প্রদান।

চ। জটিল নীতিগত ও আন্তঃপ্রাতিষ্ঠানিক সমস্যার সমাধান প্রদান।

ছ। প্রয়োজন অনুযায়ী নীতি সংশোধন ও দিকনির্দেশনা হালনাগাদকরণ।

**৩. সভা ও কার্যপ্রণালি**

* প্রয়োজন অনুযায়ী সভা আহ্বান
* অন্তত ত্রৈমাসিক ভিত্তিতে অগ্রগতি পর্যালোচনা
* সিদ্ধান্ত গ্রহণে কৌশলগত নির্দেশনা প্রদান

৪। এটি অবিলম্বে কার্যকর হবে।

নং **০৯.০০.০০০০.০০০.১২৩.১৪.০০০১.২৫.১৬২**—উত্তরপশ্চিম-ঢাকা-দক্ষিণপূর্ব সমন্বিত প্রবৃদ্ধি নেটওয়ার্ক উন্নয়ন (Northwest-Dhaka-Southeast Integrated Growth Network Development)' বাস্তবায়নের জন্য সমন্বিত প্রবৃদ্ধি নেটওয়ার্কের পরিকল্পনা প্রণয়ন, অর্থায়ন সংস্থান, প্রকল্প বাস্তবায়ন ব্যবস্থাপনা এবং ডিজিটাল মনিটরিং কাঠামো প্রতিষ্ঠা ও পরিচালনার মাধ্যমে নেটওয়ার্কভিত্তিক আঞ্চলিক উন্নয়ন ত্বরান্বিত করার লক্ষ্যে নিম্নরূপভাবে উত্তরপশ্চিম-ঢাকা-দক্ষিণপূর্ব সমন্বিত প্রবৃদ্ধি নেটওয়ার্ক সমন্বয় ইউনিট (Northwest-Dhaka-Southeast Integrated Growth Network Coordination Unit)' গঠন করা হলোঃ

**সভাপতি**

১. মাননীয় অর্থ ও পরিকল্পনা মন্ত্রী

**সদস্যবৃন্দ**

২. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ

৩. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ

৪. সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়

৫. সচিব, অর্থ বিভাগ

৬. চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড

৭. সচিব, রেলপথ মন্ত্রণালয়

৮. সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

৯. সচিব, সেতু বিভাগ

১০. সদস্য (সচিব), সাধারণ অর্থনীতি বিভাগ, বাংলাদেশ পরিকল্পনা কমিশন

১১. সচিব, শিল্প মন্ত্রণালয়

১২. সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়

১৩. সচিব, পরিকল্পনা বিভাগ

১৪. সচিব, ডাক, টেলিযোগাযোগ বিভাগ

১৫. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

১৬. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

১৭. সচিব, স্থানীয় সরকার বিভাগ

১৮. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ

১৯. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

২০. সচিব, কৃষি মন্ত্রণালয়

২১. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

২২. সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়

২৩. সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

২৪. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

২৫. সচিব, বিদ্যুৎ বিভাগ

২৬. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়

২৭. সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

২৮. চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

২৯. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর

৩০. মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে

৩১. প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)

৩২. মহাপরিচালক, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ)

৩৩. চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)

৩৪. চেয়ারম্যান, বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ

৩৫. অতিরিক্ত সচিব ও এডিবি উইং প্রধান, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

৩৬. মাননীয় অর্থমন্ত্রী কর্তৃক মনোনীত সরকারি/বেসরকারি প্রতিনিধি/বিশেষজ্ঞ (প্রয়োজন অনুযায়ী)

**সদস্য-সচিব**

৩৭. সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

সমন্বিত ইউনিট প্রয়োজনীয় সদস্য কো-অপ্ট করতে পারবে।

২। **প্রধান কার্যাবলি**

ক। উত্তরপশ্চিম-ঢাকা-দক্ষিণপূর্ব সমন্বিত প্রবৃদ্ধি নেটওয়ার্কের মাস্টার প্ল্যান ও প্রকল্প পোর্টফোলিও প্রণয়ন, নিয়মিত হালনাগাদকরণ এবং বাস্তবায়ন অগ্রগতি তদারকি করা।

খ। উন্নয়ন সহযোগী, অর্থায়নকারী প্রতিষ্ঠান ও বিনিয়োগ অংশীদারদের সঙ্গে অপারেশনাল সমন্বয় (operational coordination) ও সম্পদ সংস্থান (Resources Mobilization) কার্যক্রমপরিচালনা করা।

গ। প্রকল্প শনাক্তকরণ, কারিগরি প্রস্তুতি (project preparation), এবং অনুমোদনের জন্য প্রয়োজনীয় কারিগরি ও প্রাতিষ্ঠানিক সহায়তা প্রদান।

ঘ। প্রকল্প বাস্তবায়ন ব্যবস্থাপনা সমন্বয়, সময়সূচি পর্যবেক্ষণ এবং প্রতিবন্ধকতা চিহ্নিত করে সমাধানের উদ্যোগ গ্রহণ।

ঙ। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা, টেকনিক্যাল ওয়ার্কিং গ্রুপ এবং নোড ম্যানেজমেন্ট গ্রুপের সঙ্গে বাস্তবায়ন পর্যায়ের সমন্বয় নিশ্চিত করা।

চ। "Growth Network Digital Management System (GNDMS)" পরিচালনা, ডাটা ইন্টিগ্রেশন এবং রিয়েলটাইম মনিটরিং নিশ্চিত করা।

ছ। জাতীয় স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নে সহায়তা প্রদান।

জ। কর্মসম্পাদন মূল্যায়ন (performance monitoring), ঝুঁকি নিরূপণ (risk assessment) এবং নীতির বাস্তবায়ন সহায়ক কাঠামো (policy implementation support framework) উন্নয়ন ও প্রয়োগ।

৩। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মাহমুদুল ইসলাম খান**
উপসচিব।

---

**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১১ শ্রাবণ ১৪৩৩/২৬ জুলাই ২০২৬

নং **৫৩.০০.০০০০.০০০.৩১২.২২.০০০২.১৯.৩০৪**—রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বিশেষায়িত ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহের ব্যবস্থাপনা পরিচালক, উপব্যবস্থাপনা পরিচালক ও মহাব্যবস্থাপক পদে নিয়োগ, পদোন্নতি ও পদায়ন নীতিমালা, ২০২৬ রহিতপূর্বক যুগোপযোগী করে পুনঃপ্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয় মর্মে প্রতীয়মান হওয়ায় নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হলো:

১। **শিরোনাম:** এ নীতিমালা "রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বিশেষায়িত ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানসমুহের ব্যবস্থাপনা পরিচালক, উপব্যবস্থাপনা পরিচালক ও মহাব্যবস্থাপক পদে মনোনয়ন/ নিয়োগ/ পদোন্নতি ও পদায়ন নীতিমালা, ২০২৬" নামে অভিহিত হবে।

২। **প্রযোজ্যতা:** এ নীতিমালা রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক[১] এর ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা পদে চুক্তিভিত্তিক নিয়োগের জন্য মনোনয়ন, রাষ্ট্রমালিকানাধীন বিশেষায়িত ব্যাংক[২] ও আর্থিক প্রতিষ্ঠান[৩] এর ব্যবস্থাপনা পরিচালক এবং রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বিশেষায়িত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান-এ তিন ধরনের প্রতিষ্ঠানের[৪] উপব্যবস্থাপনা পরিচালক ও মহাব্যবস্থাপক পদে পদোন্নতি ও পদায়ন এবং আন্তঃবদলির ক্ষেত্রে প্রযোজ্য হবে।

---

১ সোনালী ব্যাংক পিএলসি, জনতা ব্যাংক পিএলসি, অগ্রণী ব্যাংক পিএলসি, রূপালী ব্যাংক পিএলসি, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক পিএলসি এবং বেসিক ব্যাংক পিএলসি;

২ বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, কর্মসংস্থান ব্যাংক, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রবাসী কল্যাণ ব্যাংক এবং পল্লী সঞ্চয় ব্যাংক;

৩ বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন ও ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ;

৪ সোনালী ব্যাংক পিএলসি, জনতা ব্যাংক পিএলসি, অগ্রণী ব্যাংক পিএলসি, রূপালী ব্যাংক পিএলসি, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক পিএলসি এবং বেসিক ব্যাংক পিএলসি, বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, কর্মসংস্থান ব্যাংক, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রবাসী কল্যাণ ব্যাংক পল্লী সঞ্চয় ব্যাংক এবং বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন।

৩। **রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা পদে নিয়োগের জন্য মনোনয়নের ক্ষেত্রে প্রার্থীর যোগ্যতা ও উপযুক্ততা:**

(ক) **শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও উপযুক্ততা:**

(১) প্রার্থীকে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। তবে অর্থনীতি, হিসাববিজ্ঞান, ফাইন্যান্স, ব্যাংকিং, ব্যবস্থাপনা অথবা ব্যবসায় প্রশাসন বিষয়ে উচ্চতর প্রাতিষ্ঠানিক বা পেশাগত শিক্ষায় যোগ্যতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে;

(২) শিক্ষা জীবনের কোনো পর্যায়ে তৃতীয় বিভাগ বা শ্রেণি গ্রহণযোগ্য হবে না। গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে এসএসসি বা সমমান ও এইচএসসি বা সমমান পরীক্ষার ক্ষেত্রে জিপিএ ৩.০০ এর কম এবং অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রে ৪.০০ পয়েন্ট স্কেলে ২.৫০ এর কম ও ৫.০০ পয়েন্ট স্কেলে ৩.০০ এর কম হলে তা গ্রহণযোগ্য হবে না। বিদেশ থেকে ডিগ্রি অর্জনের ক্ষেত্রে প্রকাশিত ফলাফল (শ্রেণি/বিভাগ/সিজিপিএ) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ও সমতায়িত হতে হবে;

(৩) ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে সক্রিয় কর্মকর্তা[৫] হিসেবে কমপক্ষে ২০ (বিশ) বছরের অভিজ্ঞতাসহ ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা পদে কর্মরত অথবা অবসরপ্রাপ্ত অথবা ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক/সিইও পদের অব্যবহিত পূর্ববর্তী পদে কমপক্ষে দুই বছরের কর্ম-অভিজ্ঞতা সম্পন্ন কর্মকর্তা এ পদে নিয়োগের যোগ্য হবেন;

(৪) প্রার্থীকে আইটি নিরাপত্তা, সাইবার ঝুঁকি ব্যবস্থাপনা এবং Anti-Money Laundering/Counter-Terrorist Financing সম্পর্কে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে;

(৫) প্রার্থীর চাকরি জীবনে সকল স্তরে কার্যসম্পাদনের ক্ষেত্রে সততা, সুনাম ও সন্তোষজনক চাকরির রেকর্ড থাকতে হবে;

(৬) প্রার্থীকে দৃঢ় নেতৃত্ব, কৌশলগত পরিকল্পনা এবং নৈতিক মূল্যবোধসম্পন্ন হতে হবে;

(৭) প্রার্থী অন্য কোনো ব্যবসায়ে বা পেশায় নিয়োজিত থাকতে পারবেন না;

(৮) সংশ্লিষ্ট ব্যাংকে প্রার্থীর কোনো ব্যবসায়িক স্বার্থ জড়িত থাকতে পারবে না।

(খ) **আর্থিক স্বচ্ছতা:**

(১) প্রার্থী কোনো ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হতে গৃহীত ঋণের জন্য খেলাপী নন;

(২) প্রার্থী আর্থিক অনিয়ম, প্রতারণা, জালিয়াতি, নিয়ন্ত্রক সংস্থার শর্তাবলি লঙ্ঘন বা অন্য কোনো আর্থিক অপরাধে জড়িত নন;

(৩) প্রার্থী কোনো সময় আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হননি;

(৪) প্রার্থী কর খেলাপী নন;

(৫) প্রার্থী ব্যাংক কিংবা আর্থিক প্রতিষ্ঠানে স্বীয় পেশায় দায়িত্ব পালনকালে কোনোরূপ অবৈধ কর্মকান্ডে জড়িত ছিলেন না।

**(গ) চারিত্রিক ও নৈতিক মূল্যবোধ:**

(১) প্রার্থী কোনো ফৌজদারী আদালত কর্তৃক দণ্ডিত নন কিংবা জাল-জালিয়াতি, আর্থিক অপরাধ বা অন্যবিধ অবৈধ কর্মকান্ডের সাথে জড়িত ছিলেন না বা জড়িত নন;

(২) প্রার্থী সম্পর্কে কোনো দেওয়ানী বা ফৌজদারী মামলায় আদালতের রায়ে কোনো বিরূপ পর্যবেক্ষণ বা মন্তব্য নেই;

(৩) প্রার্থী কোনো নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের বিধিমালা, প্রবিধান বা নিয়ামাচার লঙ্ঘনজনিত কারণে দণ্ডিত হননি;

(৪) প্রার্থী এমন কোনো কোম্পানি বা প্রতিষ্ঠানের মালিকানার সাথে যুক্ত ছিলেন না যার নিবন্ধন অথবা লাইসেন্স বাতিল করা হয়েছে অথবা কোম্পানি বা প্রতিষ্ঠানটি অবসায়িত হয়েছে;

(৫) প্রার্থী অর্থ আত্মসাৎ, দুর্নীতি, জাল-জালিয়াতি ও নৈতিক স্খলনজনিত কারণে কোনো কোম্পানি বা প্রতিষ্ঠানের চেয়ারম্যান বা পরিচালক বা কর্মকর্তা বা কর্মচারী থাকাকালীন স্বীয় পদ হতে অপসারণ/বরখাস্ত/অবনমিত হননি বা অব্যাহতি প্রাপ্ত হননি;

(৬) কোনো ব্যাংক-কোম্পানি বা অন্য কোনো আর্থিক প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী বা চেয়ারম্যান বা পরিচালক বা কর্মকর্তা বা অন্য কোনো পদে আসীন থাকা অবস্থায় তাঁকে স্বীয় পদ হতে অপসারণ/বরখাস্ত/অবনমিত করা হয়নি বা অব্যাহতি দেওয়া হয়নি;

৪। **বয়স সীমা:** প্রার্থীর ন্যূনতম বয়স হবে ৪৫ (পঁয়তাল্লিশ) বছর এবং কোনো ব্যক্তির বয়স ৬৫ (পঁয়ষট্টি) বছর অতিক্রান্ত হলে তিনি ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা পদে অধিষ্ঠিত থাকতে পারবেন না।

৫। **চুক্তির মেয়াদ:** ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা পদে তিন বছর মেয়াদে চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা যাবে। প্রয়োজনে সরকার ও পরিচালনা পর্ষদের সুপারিশ অনুযায়ী পুনঃনিয়োগ বিবেচনা করা যাবে।

৬। **রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা পদে নিয়োগের জন্য মনোনয়নের ক্ষেত্রে অনুসরণীয় পদ্ধতি:**

(ক) আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহে ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা পদে অনুচ্ছেদ ১১(ক) এ বর্ণিত বাছাই কমিটির মাধ্যমে নির্ধারিত পদ্ধতিতে চুক্তিভিত্তিক নিয়োগের লক্ষ্যে মনোনয়ন কার্যক্রম গ্রহণ করা হবে;

[৫] কোনো ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে নিয়মিত ও নিরবিচ্ছিন্নভাবে কর্মরত আছেন এবং চাকরির ধারাবাহিকতায় কোনো বিরতি ঘটেনি এমন কর্মকর্তা। তবে, ছুটি, প্রেষণ, বৈদেশিক প্রশিক্ষণ বা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত অন্য কোনো কারণে সাময়িকভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকলেও চাকরির ধারাবাহিকতা ব্যাহত হয়েছে বলে গণ্য হবে না।

(খ) অনুচ্ছেদ ১১(ক) এ বর্ণিত বাছাই কমিটি কর্তৃক ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা পদে মনোনয়নের নিমিত্ত প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা, জ্যেষ্ঠতা, অভিজ্ঞতা, পেশাগত দক্ষতা, সততা, সুনাম এবং বাংলাদেশ ব্যাংকের এতদ্‌সংশ্লিষ্ট বিধিবিধান বিবেচনা করা হবে;

(গ) মনোনয়নকালে বাছাই কমিটি কর্তৃক প্রার্থী সম্পর্কে গোয়েন্দা প্রতিবেদন ও দুর্নীতি দমন কমিশনের প্রতিবেদন পর্যালোচনা করা হবে;

(ঘ) বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনক্রমে ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা পদে চুক্তিভিত্তিক নিয়োগের জন্য মনোনয়ন প্রদান করা হবে;

(ঙ) মনোনীত প্রার্থীকে সংশ্লিষ্ট ব্যাংকের পরিচালনা পর্ষদ বাংলাদেশ ব্যাংকের সম্মতিক্রমে চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করবে। ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা এর বেতন-ভাতা, অন্যান্য আর্থিক সুবিধা, চাকরির শর্তাবলি এবং কর্মসম্পাদন মূল্যায়নের কাঠামো বাংলাদেশ ব্যাংকের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট ব্যাংকের পরিচালনা পর্ষদ কর্তৃক নির্ধারিত হবে।

৭। **রাষ্ট্রমালিকানাধীন বিশেষায়িত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহে ব্যবস্থাপনা পরিচালক পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ ও পদায়নের ক্ষেত্রে প্রার্থীর যোগ্যতা, অভিজ্ঞতা ও উপযুক্ততা:**

(ক) প্রার্থীকে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। তবে অর্থনীতি, হিসাববিজ্ঞান, ফাইন্যান্স, ব্যাংকিং, ব্যবস্থাপনা অথবা ব্যবসায় প্রশাসন বিষয়ে উচ্চতর প্রাতিষ্ঠানিক বা পেশাগত শিক্ষায় যোগ্যতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে;

(খ) রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বিশেষায়িত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে কর্মরত উপব্যবস্থাপনা পরিচালকগণ-কে ব্যবস্থাপনা পরিচালক পদে পদোন্নতির জন্য বিবেচনা করা হবে। প্রার্থীর উপব্যবস্থাপনা পরিচালক পদে কমপক্ষে দুই বছরের অভিজ্ঞতাসহ ৯ম গ্রেড হতে ন্যূনতম ২০ (বিশ) বছরের কর্ম-অভিজ্ঞতা থাকতে হবে;

(গ) শিক্ষাজীবনের কোনো পর্যায়ে তৃতীয় বিভাগ বা শ্রেণি গ্রহণযোগ্য হবে না। গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে এসএসসি বা সমমান ও এইচএসসি বা সমমান পরীক্ষার ক্ষেত্রে জিপিএ ৩.০০ এর কম এবং অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রে ৪.০০ পয়েন্ট স্কেলে ২.৫০ এর কম ও ৫.০০ পয়েন্ট স্কেলে ৩.০০ এর কম হলে তা গ্রহণযোগ্য হবে না। বিদেশ থেকে ডিগ্রি অর্জনের ক্ষেত্রে প্রকাশিত ফলাফল (শ্রেণি/বিভাগ/সিজিপিএ) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ও সমতায়িত হতে হবে;

(ঘ) প্রার্থীর চাকরি জীবনে সকল স্তরে কার্য সম্পাদনের ক্ষেত্রে সততা, সুনাম ও সন্তোষজনক চাকরির রেকর্ড থাকতে হবে।

৮। **বিশেষায়িত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহে ব্যবস্থাপনা পরিচালক পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ ও পদায়ন এবং আন্তঃবদলির ক্ষেত্রে অনুসরণীয় পদ্ধতি:**

(ক) আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক বিশেষায়িত ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহের ব্যবস্থাপনা পরিচালক পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ ও পদায়ন এবং আন্তঃবদলির মাধ্যমে পদায়ন করা হবে;

(খ) অনুচ্ছেদ ১১(ক) এ বর্ণিত বাছাই কমিটি কর্তৃক প্রার্থীর জ্যেষ্ঠতা, চাকরির অভিজ্ঞতা, পেশাগত দক্ষতা, সততা, সুনাম এবং বাংলাদেশ ব্যাংকের এতদ্‌সংশ্লিষ্ট নির্দেশনা বিবেচনাপূর্বক ব্যবস্থাপনা পরিচালক পদে পদোন্নতির জন্য সুপারিশ করা হবে;

(গ) মনোনয়নকালে বাছাই কমিটি কর্তৃক প্রার্থী সম্পর্কে গোয়েন্দা প্রতিবেদন ও দুর্নীতি দমন কমিশনের প্রতিবেদন পর্যালোচনা করা হবে;

(ঘ) বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনক্রমে ব্যবস্থাপনা পরিচালক পদে পদোন্নতি প্রদান করা হবে;

(ঙ) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে আন্তঃবদলি ও পদায়ন মাননীয় অর্থমন্ত্রীর অনুমোদনক্রমে সম্পন্ন হবে।

৯। **উপব্যবস্থাপনা পরিচালক পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ ও পদায়ন এবং আন্তঃবদলির ক্ষেত্রে প্রার্থীর যোগ্যতা, অভিজ্ঞতা ও উপযুক্ততা:**

(ক) প্রার্থীকে রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বিশেষায়িত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে মহাব্যবস্থাপক হিসেবে কমপক্ষে দুই বছরের অভিজ্ঞতাসহ ৯ম গ্রেড হতে ন্যূনতম ১৯ (উনিশ) বছরের কর্ম-অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে। তবে উপব্যবস্থাপনা পরিচালক পদে পদোন্নতির ক্ষেত্রে প্রিন্সিপাল অফিসার পদে সরাসরি নিয়োগপ্রাপ্তদের ১৭ বছর, সিনিয়র প্রিন্সিপাল অফিসার পদে সরাসরি নিয়োগপ্রাপ্তদের ১৪ বছর, সহকারী মহাব্যবস্থাপক পদে সরাসরি নিয়োগপ্রাপ্তদের ১১ বছর এবং উপমহাব্যবস্থাপক পদে সরাসরি নিয়োগপ্রাপ্তদের ৮ বছরের কর্ম-অভিজ্ঞতা থাকতে হবে;

(খ) প্রার্থীর চাকরি জীবনে সকল স্তরে কার্যসম্পাদনের ক্ষেত্রে সততা, সুনাম ও সন্তোষজনক চাকরির রেকর্ড থাকতে হবে;

(গ) পেশাগত ক্ষেত্রে CA/CMA/ACCA/MBM/CPA/CCNA/CISA/MPB/CFA/MAS ডিগ্রিসহ[৬] স্বীকৃত পেশাগত যোগ্যতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে যা পদায়নের ক্ষেত্রে বিবেচনা করা যাবে;

---

[৬] CA: Chartered Accountant, CMA: Cost and Management Accountant, ACCA: Association of Chartered Certified Accountants, MBM: Master in BanK Management, CPA: Certified Public Accountant, CCNA: Cisco Certified Network Associate, CISA: Certified Information Systems Auditor, MPB: Master of Professional Banking. CFA: Certified Financial Analyst, MAS: Master in Actuarial Science.

(ঘ) কোনো কর্মচারীর উপর বিভাগীয় মামলায় দণ্ড আরোপ করা হলে আরোপিত দণ্ডের মেয়াদ শেষ হওয়ার পর থেকে লঘুদণ্ডের ক্ষেত্রে এক বছর এবং গুরুদণ্ডের ক্ষেত্রে দুই বছর অতিক্রান্ত না হওয়া পর্যন্ত তিনি পদোন্নতির যোগ্য হবেন না।

১০। **উপব্যবস্থাপনা পরিচালক পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ ও পদায়ন এবং আন্তঃবদলির ক্ষেত্রে অনুসরণীয় পদ্ধতি:**

(ক) আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বিশেষায়িত ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহের উপব্যবস্থাপনা পরিচালক পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ ও পদায়ন এবং আন্তঃবদলির মাধ্যমে পদায়ন করা হবে;

(খ) অনুচ্ছেদ ১৩(ক) এ বর্ণিত বাছাই কমিটি উপব্যবস্থাপনা পরিচালক পদে পদোন্নতির জন্য নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করবে:

(১) বাছাই কমিটি পদোন্নতিযোগ্য প্রার্থীর সাক্ষাৎকার গ্রহণ করবে;

(২) পদোন্নতিযোগ্য প্রার্থীকে ১০০ নম্বরের নিম্নরূপ মানদণ্ডের ভিত্তিতে মূল্যায়ন করা হবে:

| ক্র.নং | মানদন্ড | নম্বর |
|---|---|---|
| (১) | শিক্ষাগত যোগ্যতা | ১৫ |
| (২) | ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে চাকরিকাল | ১৫ |
| (৩) | ব্যাংকিং প্রফেশনাল পরীক্ষা | ০৫ |
| (৪) | চাকরির রেকর্ড (চাকরিকালীন শৃঙ্খলা, ফৌজদারী এবং অডিট আপত্তি সংক্রান্ত তথ্য) | ১০ |
| (৫) | বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর) | ৪০ |
| (৬) | সাক্ষাৎকার | ১৫ |
| | মোট | ১০০ |

(১) **শিক্ষাগত যোগ্যতা** **নম্বর**

(ক) স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি

| | | |
|---|---|---|
| (১) প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ | ৪ | |
| (২) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ | ৩ | |
| (৩) তৃতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ | ২ | |

(খ) স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি

| | | |
|---|---|---|
| (১) প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ | ৫ | |
| (২) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ | ৪ | |
| (৩) তৃতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ | ২ | |

অথবা, স্নাতক (পাশ) বা সমমানের ডিগ্রি

| | | |
|---|---|---|
| (১) প্রথম বিভাগ বা সমমানের সিজিপিএ | ৪ | **১৫ নম্বর** |
| (২) দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ | ৩ | |
| (৩) তৃতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ | ২ | |

(গ) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের ডিগ্রি

| | |
|---|---|
| (১) প্রথম বিভাগ বা সমমানের জিপিএ | ৩ |
| (২) দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ | ২ |
| (৩) তৃতীয় বিভাগ বা সমমানের জিপিএ | ১ |

(ঘ) মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের ডিগ্রি

| | |
|---|---|
| (১) প্রথম বিভাগ বা সমমানের জিপিএ | ৩ |
| (২) দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ | ২ |
| (৩) তৃতীয় বিভাগ বা সমমানের জিপিএ | ১ |

(২) **ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে চাকরিকাল**

| | | |
|---|---|---|
| (ক) উপমহাব্যবস্থাপক পদে (প্রতি বছরের জন্য ১.০০ নম্বর, ৬ মাস বা এর বেশী কিন্তু ১ বছরের কম এর জন্য ০.৫০ নম্বর) | (সর্বোচ্চ) ০৫ | |
| (খ) মহাব্যবস্থাপক পদে (প্রতি বছরের জন্য ২.৫০ নম্বর, ৬ মাস বা এর বেশী কিন্তু ১ বছরের কম এর জন্য ১.২৫ নম্বর) | (সর্বোচ্চ) ১০ | **১৫ নম্বর** |

(৩) **ব্যাংকিং প্রফেশনাল পরীক্ষা**

| | | |
|---|---|---|
| (ক) প্রথম পর্ব (JAIBB) | ২.৫০ | **০৫ নম্বর** |
| (খ) দ্বিতীয় পর্ব (AIBB) | ২.৫০ | |

(৪) **চাকরির রেকর্ড (চাকরিকালীন শৃঙ্খলা, ফৌজদারী এবং অডিট আপত্তি সংক্রান্ত তথ্য)**

(ক) মামলা সংক্রান্ত:

| | | |
|---|---|---|
| বিভাগীয় মামলা (চার্জশীটভুক্ত) না থাকলে/ ফৌজদারী মামলা (চার্জশীটভুক্ত) না থাকলে | ০৫ | **১০ নম্বর** |
| (খ) অডিট আপত্তি সংক্রান্ত: ব্যক্তিগত গুরুতর (এসএফআই) অডিট আপত্তি না থাকলে | ০৫ | |

(৫) **বার্ষিক গোপনীয় অনুবেদন (বিগত ৫ বছরের এসিআর)** **৪০ নম্বর**

(৬) **সাক্ষাৎকার** **১৫ নম্বর**

**মোট ১০০ নম্বর**

(গ) প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা, চাকরিকাল, ব্যাংকিং প্রফেশনাল পরীক্ষা, চাকরির রেকর্ড, বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর), সাক্ষাৎকারে প্রাপ্ত নম্বর, সততা, সুনাম এবং বাংলাদেশ ব্যাংকের এতদ্‌সংশ্লিষ্ট নির্দেশনা বিবেচনাপূর্বক অনুচ্ছেদ ১৩(ক) এ বর্ণিত বাছাই কমিটি কর্তৃক মেধাক্রম অনুসারে উপব্যবস্থাপনা পরিচালক পদে পদোন্নতির সুপারিশ করা হবে;

(ঘ) বাছাই কমিটি কর্তৃক প্রার্থী সম্পর্কে গোয়েন্দা প্রতিবেদন ও দুর্নীতি দমন কমিশনের প্রতিবেদন পর্যালোচনা করা হবে;

(ঙ) বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে মাননীয় অর্থমন্ত্রীর অনুমোদনক্রমে উপব্যবস্থাপনা পরিচালক পদে পদোন্নতি প্রদান করা হবে;

(চ) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে আন্তঃবদলি ও পদায়ন মাননীয় অর্থমন্ত্রীর অনুমোদনক্রমে সম্পন্ন হবে।

১১। **বাছাই কমিটি:**

(ক) রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা পদে চুক্তিভিত্তিক নিয়োগের জন্য মনোনয়ন এবং রাষ্ট্রমালিকানাধীন বিশেষায়িত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের ব্যবস্থাপনা পরিচালক পদে পদোন্নতির জন্য উপযুক্ত প্রার্থী বাছাইয়ের নিমিত্ত নিম্নরূপ বাছাই কমিটি হবে;

| | | |
|---|---|---|
| (১) | অর্থমন্ত্রী | সভাপতি |
| (২) | প্রধানমন্ত্রীর মুখ্য সচিব | সদস্য |
| (৩) | গভর্নর, বাংলাদেশ ব্যাংক | সদস্য |
| (৪) | সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় | সদস্য |
| (৫) | সচিব, অর্থ বিভাগ | সদস্য |
| (৬) | সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | সদস্য |
| (৭) | অতিরিক্ত সচিব (কেন্দ্রীয় ও বাণিজ্যিক ব্যাংক অনুবিভাগ), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | সদস্য-সচিব |

(খ) **বাছাই কমিটির কার্যপরিধি:**

১) এ নীতিমালার উদ্দেশ্য বাস্তবায়নের লক্ষ্যে প্রার্থী নির্বাচন পদ্ধতি ও এ সংক্রান্ত অন্যান্য বিষয়ে নীতিগত সিদ্ধান্ত গ্রহণ;

২) এ নীতিমালার বিধান অনুযায়ী রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা পদে চুক্তিভিত্তিক নিয়োগের জন্য মনোনয়ন এবং রাষ্ট্রমালিকানাধীন বিশেষায়িত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের ব্যবস্থাপনা পরিচালক পদে পদোন্নতি ও নিয়োগের জন্য উপযুক্ত প্রার্থী নির্বাচন ও সুপারিশ প্রদান;

১২। **উপকমিটি:** ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা পদে মনোনয়নের ক্ষেত্রে বাছাই কমিটি কর্তৃক প্রয়োজনে উপকমিটি গঠন করা যাবে।

১৩। **উপব্যবস্থাপনা পরিচালক ও মহাব্যবস্থাপক পদে পদোন্নতির নিমিত্ত বাছাই কমিটি:**

(ক) রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বিশেষায়িত ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহের উপব্যবস্থাপনা পরিচালক ও মহাব্যবস্থাপক পদে পদোন্নতির জন্য উপযুক্ত প্রার্থী বাছাইয়ের নিমিত্ত নিম্নরূপ বাছাই কমিটি হবে:

| | | |
|---|---|---|
| (১) | গভর্নর, বাংলাদেশ ব্যাংক | সভাপতি |
| (২) | সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | সদস্য |
| (৩) | অর্থ বিভাগ এর প্রতিনিধি (ন্যূনতম অতিরিক্ত সচিব) | সদস্য |
| (৪) | নির্বাহী পরিচালক, বিআরপিডি, বাংলাদেশ ব্যাংক | সদস্য |
| (৫) | অতিরিক্ত সচিব (কেন্দ্রীয় ও বাণিজ্যিক ব্যাংক অনুবিভাগ), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | সদস্য-সচিব |

(খ) **বাছাই কমিটির কার্যপরিধি:**

১) এ নীতিমালার উদ্দেশ্য বাস্তবায়নের লক্ষ্যে প্রার্থী নির্বাচন পদ্ধতি ও অন্যান্য বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ;

২) অনুচ্ছেদ ১৬(ক) এ বর্ণিত মূল্যায়ন শীট প্রস্তুত কমিটি কর্তৃক প্রস্তুতকৃত মূল্যায়ন শীট, সংশ্লিষ্ট তথ্যাদি পর্যালোচনা ও যাচাইকরণ;

(৩) পদোন্নতির জন্য যোগ্য প্রার্থীর সাক্ষাৎকার গ্রহণ;

(৪) এ নীতিমালার বিধান অনুযায়ী উপব্যবস্থাপনা পরিচালক ও মহাব্যবস্থাপক পদে পদোন্নতির জন্য উপযুক্ত প্রার্থী নির্বাচন ও সুপারিশ প্রদান।

১৪। **মহাব্যবস্থাপক পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ ও পদায়ন এবং আন্তঃবদলির ক্ষেত্রে প্রার্থীর যোগ্যতা, অভিজ্ঞতা ও উপযুক্ততা:**

(ক) রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বিশেষায়িত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে উপমহাব্যবস্থাপক হিসেবে তিন বছরের অভিজ্ঞতাসহ ৯ম গ্রেড হতে ন্যূনতম ১৮ (আঠারো) বছরের কর্ম-অভিজ্ঞদের পদোন্নতির জন্য বিবেচনা করা হবে। তবে প্রিন্সিপাল অফিসার পদে সরাসরি নিয়োগপ্রাপ্তদের ১৫ বছর, সিনিয়র প্রিন্সিপাল অফিসার পদে সরাসরি নিয়োগপ্রাপ্তদের ১২ বছর, সহকারী মহাব্যবস্থাপক পদে সরাসরি নিয়োগপ্রাপ্তদের ৯ বছর এবং উপমহাব্যবস্থাপক পদে সরাসরি নিয়োগপ্রাপ্তদের ৬ বছরের কর্মঅভিজ্ঞতা থাকতে হবে;

(খ) প্রার্থীর চাকরি জীবনে সকল স্তরে কার্য সম্পাদনের ক্ষেত্রে সততা, সুনাম ও সন্তোষজনক চাকরির রেকর্ড থাকতে হবে;

(গ) পেশাগত ক্ষেত্রে CA/CMA/ACCA/MBM/CPA/CCNA/CISA/MPB/CFA/MAS ডিগ্রিসহ স্বীকৃত পেশাগত যোগ্যতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে যা পদায়নের ক্ষেত্রে বিবেচনা করা যাবে;

(ঘ) কোনো কর্মচারীর উপর বিভাগীয় মামলায় দণ্ড আরোপ করা হলে আরোপিত দণ্ডের মেয়াদ শেষ হওয়ার পর থেকে লঘুদণ্ডের ক্ষেত্রে এক বছর এবং গুরুদণ্ডের ক্ষেত্রে দুই বছর অতিক্রান্ত না হওয়া পর্যন্ত তিনি পদোন্নতির যোগ্য হবে না।

১৫। **মহাব্যবস্থাপক পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ ও পদায়ন এবং আন্তঃবদলির ক্ষেত্রে অনুসরণীয় পদ্ধতি:**

(ক) আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, বিশেষায়িত ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহে মহাব্যবস্থাপক পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ ও পদায়ন এবং আন্তঃবদলির মাধ্যমে পদায়ন করা হবে;

(খ) অনুচ্ছেদ ১৩(ক) এ বর্ণিত বাছাই কমিটি মহাব্যবস্থাপক পদে পদোন্নতির জন্য নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করবে:

(১) বাছাই কমিটি পদোন্নতিযোগ্য প্রার্থীর সাক্ষাৎকার গ্রহণ করবে;

(২) পদোন্নতিযোগ্য প্রার্থীকে ১০০ নম্বরের নিম্নরূপ মানদণ্ডের ভিত্তিতে মূল্যায়ন করা হবে:

| ক্র.নং | মানদন্ড | নম্বর |
|---|---|---|
| (১) | শিক্ষাগত যোগ্যতা | ১৫ |
| (২) | ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে চাকরিকাল | ১৫ |
| (৩) | ব্যাংকিং প্রফেশনাল পরীক্ষা | ০৫ |
| (৪) | চাকরির রেকর্ড (চাকরিকালীন শৃঙ্খলা, ফৌজদারী এবং অডিট আপত্তি সংক্রান্ত তথ্য) | ১০ |
| (৫) | বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর) | ৪০ |
| (৬) | সাক্ষাৎকার গ্রহণ | ১৫ |
| | মোট | ১০০ |

(১) **শিক্ষাগত যোগ্যতা** **নম্বর**

(ক) স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি

(১) প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ ৪

(২) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ ৩

(৩) তৃতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ ২

(খ) স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি

(১) প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ ৫

(২) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ ৪

(৩) তৃতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ ২

অথবা, স্নাতক (পাশ) বা সমমানের ডিগ্রি

(১) প্রথম বিভাগ বা সমমানের সিজিপিএ ৪ **১৫ নম্বর**

(২) দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ ৩

(৩) তৃতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ ২

(গ) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের ডিগ্রি

(১) প্রথম বিভাগ বা সমমানের জিপিএ ৩

(২) দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ ২

(৩) তৃতীয় বিভাগ বা সমমানের জিপিএ ১

(ঘ) মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের ডিগ্রি

(১) প্রথম বিভাগ বা সমমানের জিপিএ ৩

(২) দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ ২

(৩) তৃতীয় বিভাগ বা সমমানের জিপিএ ১

(২) **ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে চাকরিকাল**

(ক) সহকারী মহাব্যবস্থাপক পদে (সর্বোচ্চ) ০৫
(প্রতি বছরের জন্য ১.০০ নম্বর,
৬ মাস বা এর বেশি কিন্তু ১ বছরের **১৫ নম্বর**
কম এর জন্য ০.৫০ নম্বর)

(খ) উপমহাব্যবস্থাপক পদে (সর্বোচ্চ) ১০
(প্রতি বছরের জন্য ২.৫০ নম্বর,
৬ মাস বা এর বেশি কিন্তু ১ বছরের
কম এর জন্য ১.২৫ নম্বর)

(৩) **ব্যাংকিং প্রফেশনাল পরীক্ষা**

(ক) প্রথম পর্ব (JAIBB) ২.৫০ **০৫ নম্বর**

(খ) দ্বিতীয় পর্ব (AIBB) ২.৫০

(৪) **চাকরির রেকর্ড (চাকরিকালীন শৃঙ্খলা, ফৌজদারী এবং অডিট আপত্তি সংক্রান্ত তথ্য)** **১০ নম্বর**

(ক) মামলা সংক্রান্ত: ০৫

বিভাগীয় মামলা (চার্জশীটভুক্ত) না থাকলে/

ফৌজদারী মামলা (চার্জশীটভুক্ত) না থাকলে

(খ) অডিট আপত্তি সংক্রান্ত: ০৫

**নম্বর**
ব্যক্তিগত গুরুতর (এসএফআই) অডিট আপত্তি না থাকলে

(৫) **বার্ষিক গোপনীয় অনুবেদন (বিগত ৫ বছরের এসিআর বিবেচনা করা হবে)** **৪০ নম্বর**

(৬) **সাক্ষাৎকার** **১৫ নম্বর**

**মোট ১০০ নম্বর**

(গ) অনুচ্ছেদ ১৩(ক) এ বর্ণিত বাছাই কমিটি কর্তৃক প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা, চাকরিকাল, ব্যাংকিং প্রফেশনাল পরীক্ষা, চাকরির রেকর্ড, বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর), সাক্ষাৎকারে প্রাপ্ত নম্বর, সততা, সুনাম এবং বাংলাদেশ ব্যাংকের এতদ্‌সংশ্লিষ্ট নির্দেশনা বিবেচনা করে মেধাক্রম অনুসারে মহাব্যবস্থাপক পদে পদোন্নতির সুপারিশ করা হবে;

(ঘ) বাছাই কমিটি কর্তৃক প্রার্থী সম্পর্কে গোয়েন্দা প্রতিবেদন ও দুর্নীতি দমন কমিশনের প্রতিবেদন পর্যালোচনা করা হবে;

(ঙ) বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে মাননীয় অর্থমন্ত্রীর অনুমোদনক্রমে মহাব্যবস্থাপক পদে পদোন্নতি প্রদান করা হবে;

(চ) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে আন্তঃবদলি ও পদায়ন মাননীয় অর্থমন্ত্রীর অনুমোদনক্রমে সম্পন্ন হবে।

১৬। **মূল্যায়ন শীট প্রস্তুত কমিটি:**

(ক) উপব্যবস্থাপনা পরিচালক ও মহাব্যবস্থাপক পদে পদোন্নতির ক্ষেত্রে এ নীতিমালায় নির্ধারিত মানদণ্ড অনুযায়ী মূল্যায়ন শীট প্রস্তুতের (সাক্ষাৎকারের নম্বর ব্যতীত) উদ্দেশ্যে নিম্নরূপ মূল্যায়ন শীট প্রস্তুত কমিটি হবে:

| | |
|---|---|
| (১) অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (কেন্দ্রীয় ও বাণিজ্যিক ব্যাংক অনুবিভাগ), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | সভাপতি |
| (২) যুগ্মসচিব/উপসচিব (বাণিজ্যিক ব্যাংক অধিশাখা), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | সদস্য |
| (৩) উপসচিব/সিনিয়র সহকারী সচিব (বাণিজ্যিক ব্যাংক শাখা-১), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | সদস্য-সচিব |

(খ) **মূল্যায়ন শীট প্রস্তুত কমিটির কার্যপরিধি:**

(১) এ নীতিমালায় নির্ধারিত মানদণ্ড অনুযায়ী প্রার্থীর প্রয়োজনীয় তথ্যাবলি ও রেকর্ডপত্রাদি যাচাই;

(২) প্রয়োজনে সংশ্লিষ্ট ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, বাংলাদেশ ব্যাংক অথবা অন্য কোনো কর্তৃপক্ষের নিকট হতে তথ্য সংগ্রহ;

(৩) মূল্যায়ন শীট প্রস্তুত (সাক্ষাৎকারের নম্বর ব্যতীত);

(৪) মূল্যায়ন শীট, প্রয়োজনীয় তথ্যাদি ও রেকর্ডপত্রাদি উপকমিটি অথবা সংশ্লিষ্ট বাছাই কমিটির নিকট উপস্থাপন;

(৫) সংশ্লিষ্ট বাছাই কমিটি কর্তৃক অর্পিত এ নীতিমালা সংশ্লিষ্ট অন্য যে কোনো কার্য সম্পাদন।

**নিয়োগ/পদোন্নতি/পদায়নের শর্তাবলি**

১৭। **বেতন ও ভাতাদি:** সরকার ঘোষিত জাতীয় বেতন স্কেল অনুযায়ী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রবিধানমালায় উল্লিখিত গ্রেড অনুযায়ী কর্মচারীগণ বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন। তবে চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রে রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা পদের বেতনভাতাদি অনুচ্ছেদ ৬(ঙ) অনুসরণপূর্বক নির্ধারিত হবে।

১৮। **ছুটি:** ছুটি নির্ধারণের ক্ষেত্রে সরকারি কর্মচারীর ন্যায় 'নির্ধারিত ছুটি বিধিমালা ১৯৫৯' প্রযোজ্য হবে। তবে চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রে রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা পদের ছুটি চুক্তির শর্ত অনুসরণপূর্বক নির্ধারিত হবে।

১৯। **পেনশন/গ্রাচুইটি, ছুটি নগদায়ন ও ভবিষ্য তহবিল:**

(ক) কর্মরত ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের চাকরির প্রবিধানমালা অনুযায়ী অথবা প্রযোজ্য ক্ষেত্রে, নিয়োগ/চুক্তিপত্র অনুযায়ী পেনশন/গ্রাচুইটি, ছুটি নগদায়ন ও ভবিষ্য তহবিলের আর্থিক সুবিধাদি নির্ধারিত হবে। এ উদ্দেশ্যে চাকরির মেয়াদকাল প্রথম নিয়োগের দিন হতে গণনা করা হবে;

(খ) সংশ্লিষ্ট কর্মচারীর আবেদন অনুযায়ী কর্মরত ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান অথবা মূল ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক পিআরএলকালীন বেতন-ভাতা ও লাম্পগ্র্যান্টসহ প্রাপ্য সকল অবসর সুবিধাদি প্রদান করা হবে। তবে যে সকল ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে তিনি কাজ করেছেন, সে সকল ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক পরবর্তীতে আনুপাতিক হারে উক্ত অবসর সংক্রান্ত সুবিধাদি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানকে পরিশোধ করা হবে।

২০। **গোষ্ঠীবীমা ও অন্যান্য কল্যাণমূলক স্কিমের সুবিধাদি:** কোনো কর্মচারী চাকরিরত অবস্থায় মৃত্যুবরণ করলে মৃত্যুকালে যে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে কর্মরত ছিলেন, সে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট প্রবিধান/বিধি-বিধান অনুযায়ী গোষ্ঠীবীমা ও অন্যান্য কল্যাণমূলক স্কিমের সুবিধাদি প্রাপ্য হবেন।

২১। **উৎসাহ বোনাস:** কোনো কর্মচারী সংশ্লিষ্ট আর্থিক বছরে একাধিক প্রতিষ্ঠানে কর্মরত থাকলে কর্মকালের আনুপাতিক হারে উক্ত ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহ হতে উৎসাহ বোনাস প্রাপ্য হবেন। চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রে চুক্তির শর্তাবলি প্রযোজ্য হবে।

২২। **আবাসন সুবিধা:** ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নিজস্ব আবাসন সুবিধা না থাকলে অথবা কোনো আবাসিক বাসা বরাদ্দ দেয়া না হলে নিয়মানুযায়ী নির্ধারিত হারে বাড়ি ভাড়া প্রাপ্য হবেন। তবে চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রে চুক্তির শর্তানুযায়ী আবাসন সুবিধাদি প্রাপ্য হবেন।

২৩। **জ্যেষ্ঠতা:**

(ক) সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহে কর্মরত মহাব্যবস্থাপক, উপব্যবস্থাপনা পরিচালক ও ব্যবস্থাপনা পরিচালক পদে পদোন্নতির জন্য সংশ্লিষ্ট পদে তাদের নিয়মিতভাবে পদোন্নতি প্রদানের তারিখ হতে জ্যেষ্ঠতা গণনা করা হবে;

(খ) কোনো কর্মচারী যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বৈদেশিক নিয়োগ, বিদেশে প্রশিক্ষণ, লিয়েনে কর্মরত থাকাকালীন তার পদোন্নতির বিষয়টি সংশ্লিষ্ট কমিটি/বোর্ড কর্তৃক বিবেচনা করা হবে। তবে, পদোন্নতি কমিটি কর্তৃক পদোন্নতির জন্য সুপারিশ প্রাপ্ত হলে সংশ্লিষ্ট কর্মচারী বৈদেশিক চাকরি, বিদেশ প্রশিক্ষণ, লিয়েন ইত্যাদি শেষে যোগদান করলে জ্যেষ্ঠতাসহ তার পদোন্নতি কার্যকর হবে;

(গ) আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক সংশ্লিষ্ট কর্মচারীগণের পদভিত্তিক জ্যেষ্ঠতা তালিকা সংরক্ষণ করা হবে।

২৪। **আচরণ ও শৃঙ্খলাজনিত কর্মধারা:** আচরণ ও শৃঙ্খলাজনিত বিষয়ে সংশ্লিষ্ট কর্মচারীগণ 'সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯' ও 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' দ্বারা নিয়ন্ত্রিত ও পরিচালিত হবে। চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রে চুক্তির শর্তাবলি প্রযোজ্য হবে।

২৫। **পদত্যাগ:** 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮' এর আওতায় বা আদালতে কোনো মামলা চলমান না থাকলে বা সরকার এবং সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নিকট কোনো আর্থিক দায়-দেনা না থাকলে এক মাসের নোটিশ প্রদান অথবা এক মাসের বেতনের সমপরিমাণ অর্থ সমর্পণ করে নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে কোনো ব্যবস্থাপনা পরিচালক, উপব্যবস্থাপনা পরিচালক ও মহাব্যবস্থাপক স্ব স্ব চাকরি হতে পদত্যাগ করতে পারবেন।

২৬। **চাকরি হতে অব্যাহতি:** কোনো কর্মচারীকে চাকরি হতে অব্যাহতি প্রদানের ক্ষেত্রে 'সরকারি চাকরি আইন, ২০১৮' প্রযোজ্য হবে। চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রে চুক্তির শর্তাবলি প্রযোজ্য হবে।

২৭। **অবসর গ্রহণ:** অবসর গ্রহণের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারীগণ 'সরকারি চাকরি আইন, ২০১৮' দ্বারা নিয়ন্ত্রিত ও পরিচালিত হবেন।

২৮। এ নীতিমালায় উল্লেখ করা হয়নি সেসকল বিষয়ে 'সরকারি চাকরি আইন, ২০১৮', সরকারি বিধি-বিধান, সংশ্লিষ্ট ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের প্রবিধানমালা এবং বাংলাদেশ ব্যাংকের নির্দেশনাবলি অনুসরণ করতে হবে।

২৯। কোনো কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় মামলা, ফৌজদারি মামলা, দুর্নীতি দমন কমিশনের মামলা অথবা বাংলাদেশ ব্যাংকের নিকট গুরুতর অনিয়মসংক্রান্ত বিষয় বিচারাধীন থাকলে, সংশ্লিষ্ট বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত সরকার প্রয়োজনবোধে তার নিয়োগ, পদোন্নতি, পদায়ন বা আন্তঃবদলির বিষয় স্থগিত রাখতে পারবে।

৩০। বাছাই কমিটি বা অন্য কোনো কমিটির কোনো সদস্যের সঙ্গে কোনো প্রার্থীর ব্যক্তিগত, পারিবারিক, আর্থিক বা অন্য কোনো প্রত্যক্ষ স্বার্থের সংঘাত বিদ্যমান থাকলে সংশ্লিষ্ট সদস্য উক্ত প্রার্থীর বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ বা মূল্যায়ন কার্যক্রমে অংশগ্রহণ করবেন না।

৩১। এ বিভাগ কর্তৃক ১৮ জানুয়ারি ২০২৬ তারিখে ৫৩.০০.০০০০.০০০.৩১২.২২.০০০২.১৯.৩৪ নং স্মারকে জারীকৃত নীতিমালাটি এতদ্বারা রহিত করা হলো। তবে, রহিত করা সত্ত্বেও রহিত নীতিমালার অধীনে কৃত কোনো কার্যক্রম বা গৃহীত কোনো ব্যবস্থা এ নীতিমালার অধীনে কৃত বা গৃহীত হয়েছে বলে গণ্য হবে।

৩২। এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আজিমুদ্দিন বিশ্বাস** এনডিসি
অতিরিক্ত সচিব।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**মাদক-১ শাখা**

**অফিস আদেশ**

তারিখ: ১৯ শ্রাবণ, ১৪৩৩/০৩ আগস্ট, ২০২৬

নং **৫৮.০০.০০০০.১৯৩.৩১.০০২.২২-১০৮**—এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র মন্ত্রণালয়ের মাদক-১ শাখার গত ০২-০৮-২০২৬ খ্রি. তারিখের ৫৮.০০.০০০০.১৯৩.৩১.০০২.২২-১০৬ সংখ্যক প্রজ্ঞাপনটি নির্দেশক্রমে এতদ্বারা বাতিল করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ মাহবুব আলম**
উপসচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৯ শ্রাবণ, ১৪৩৩/০৩ আগস্ট, ২০২৬

নং **৫৮.০০.০০০০.১৯৩.৩১.০০২.২২-১০৯**—যেহেতু, জনাব তুষার কুমার ব্যানার্জী (পরিচিতি নং-১৩০৮০), সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা মেট্রো: (উত্তর) কার্যালয়, ঢাকা (সংযুক্ত: বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' এবং 'পলায়ন' এর অভিযোগে গত ২৪-০৫-২০২৫ তারিখে বিভাগীয় মামলা (মামলা নং-০৮/২০২৫) রুজু করা হয়েছে; এবং

২। যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ১২(১) অনুযায়ী সরকার তাঁকে সরকারি চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা প্রয়োজন ও সমীচীন মনে করে;

৩। সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ১২(১) অনুযায়ী জনাব তুষার কুমার ব্যানার্জী (পরিচিতি নং-১৩০৮০), সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা মেট্রো: (উত্তর) কার্যালয়, ঢাকা (সংযুক্ত: বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ)-কে ০২-০৮-২০২৬ তারিখ হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো। সাময়িকভাবে বরখাস্তকালে তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মনজুর মোর্শেদ চৌধুরী**
সিনিয়র সচিব।

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**ডি-১৬ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৮ শ্রাবণ ১৪৩৩/০২ আগস্ট ২০২৬

নং **২৩.০০.০০০০.০০০.১৬০.৬৩.০০০১.২৬.২২১**—অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ২৭ এপ্রিল ২০২৬ তারিখের ০৭.০০.০০০০.০০০.১৪৩.৯৯.০০০৫.২২.৩৫ সংখ্যক পত্রের সম্মতিক্রমে বাংলাদেশ জরিপ অধিদপ্তর কর্তৃক প্রণীত মানচিত্র ও ভূ-উপাত্তসমূহের মূল্য তালিকা-২০২৬ নির্দেশক্রমে অনুমোদন করা হলো।

| ক্রমিক নং | প্রস্তাবিত মূল্য | অর্থ বিভাগ কর্তৃক অনুমোদিত মূল্য |
|---|---|---|
| (১) | বাংলাদেশ জরিপ অধিদপ্তর কর্তৃক প্রণীত সকল স্কেলের মানচিত্রের ডিজিটাল ডাটা PDF ফরমেটে সরবরাহের ক্ষেত্রে মূল্য নিম্নরূপ:<br>ক। সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের জন্য PDF ফরমেটে প্রতিটি মানচিত্রের মূল্য ৪৫০/-টাকা।<br>খ। বেসরকারি সংস্থা/ব্যক্তির জন্য PDF ফরমেটে প্রতিটি মানচিত্রের মূল্য ৯০০/-টাকা।<br>শিক্ষা/গবেষণা কাজে ব্যবহারের জন্য সরকারি মূল্য প্রযোজ্য হবে।<br>(সংশ্লিষ্ট শিক্ষা/গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক সুপারিশ প্রাপ্তি সাপেক্ষে) | বাংলাদেশ জরিপ অধিদপ্তর কর্তৃক প্রণীত সকল স্কেলের মানচিত্রের ডিজিটাল ডাটা PDF ফরমেটে সরবরাহের ক্ষেত্রে মূল্য নিম্নরূপ:<br>ক। সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের জন্য PDF ফরমেটে প্রতিটি মানচিত্রের মূল্য ৪৫০/-টাকা।<br>খ। বেসরকারি সংস্থা/ব্যক্তির জন্য PDF ফরমেটে প্রতিটি মানচিত্রের মূল্য ৯০০/-টাকা।<br>শিক্ষা/গবেষণা কাজে ব্যবহারের জন্য সরকারি মূল্য প্রযোজ্য হবে।<br>(সংশ্লিষ্ট শিক্ষা/গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক সুপারিশ প্রাপ্তি সাপেক্ষে) |
| (২) | বাংলাদেশ জরিপ অধিদপ্তর কর্তৃক প্রণীত টপোগ্রাফিক্যাল মানচিত্রের ডিজিটাল ডাটা (.gdb/.shp) ১টি ম্যাপ শীটের প্রতিটি Feature Class এর মূল্য নিম্নরূপ:<br>ক। সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের জন্য Elevation Data ব্যতিরেকে প্রতিটি Feature Class মূল্য ২০০/-টাকা।<br>খ। বেসরকারি সংস্থা/ব্যক্তির জন্য Elevation Data ব্যতিরেকে প্রতিটি Feature Class মূল্য ৪০০/-টাকা।<br>শিক্ষা/গবেষণা কাজে ব্যবহারের জন্য সরকারি মূল্য প্রযোজ্য হবে।<br>(সংশ্লিষ্ট শিক্ষা/গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক সুপারিশ প্রাপ্তি সাপেক্ষে) | বাংলাদেশ জরিপ অধিদপ্তর কর্তৃক প্রণীত টপোগ্রাফিক্যাল মানচিত্রের ডিজিটাল ডাটা (.gdb/.shp) ১টি ম্যাপ শীটের প্রতিটি Feature Class এর মূল্য নিম্নরূপ:<br>ক। সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের জন্য Elevation Data ব্যতিরেকে প্রতিটি Feature Class মূল্য ২০০/-টাকা।<br>খ। বেসরকারি সংস্থা/ব্যক্তির জন্য Elevation Data ব্যতিরেকে প্রতিটি Feature Class মূল্য ৪০০/-টাকা।<br>শিক্ষা/গবেষণা কাজে ব্যবহারের জন্য সরকারি মূল্য প্রযোজ্য হবে।<br>(সংশ্লিষ্ট শিক্ষা/গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক সুপারিশ প্রাপ্তি সাপেক্ষে) |
| (৩) | বাংলাদেশ জরিপ অধিদপ্তর কর্তৃক ভূ-স্থানাংক ও বেঞ্চমার্ক (BM) এর উচ্চতার মূল্য নিম্নরূপ:<br>ক। প্রতিটি ভূ-স্থানাংক (X,Y) এর মূল্য ২০০/-টাকা<br>খ। প্রতিটি বেঞ্চমার্ক (BM) এর উচ্চতার মূল্য ৩০০/-টাকা<br>গ। প্রতিটি ভূ-স্থানাংক (X,Y,Z) এর মূল্য ৪০০/-টাকা<br>শিক্ষা/গবেষণা কাজে ব্যবহারের জন্য উল্লিখিত মূল্যের ৫০% হ্রাস প্রযোজ্য হবে।<br>(সংশ্লিষ্ট শিক্ষা/গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক সুপারিশ প্রাপ্তি সাপেক্ষে) | বাংলাদেশ জরিপ অধিদপ্তর কর্তৃক ভূ-স্থানাংক ও বেঞ্চমার্ক (BM) এর উচ্চতার মূল্য নিম্নরূপ:<br>ক। প্রতিটি ভূ-স্থানাংক (X,Y) এর মূল্য ২০০/-টাকা<br>খ। প্রতিটি বেঞ্চমার্ক (BM) এর উচ্চতার মূল্য ৩০০/-টাকা<br>গ। প্রতিটি ভূ-স্থানাংক (X,Y,Z) এর মূল্য ৪০০/-টাকা<br>শিক্ষা/গবেষণা কাজে ব্যবহারের জন্য উল্লিখিত মূল্যের ৫০% হ্রাস প্রযোজ্য হবে।<br>(সংশ্লিষ্ট শিক্ষা/গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক সুপারিশ প্রাপ্তি সাপেক্ষে) |
| (৪) | বাংলাদেশ জরিপ অধিদপ্তর কর্তৃক প্রণীত সকল স্কেলের মানচিত্রের Hard Copy (পেপার প্রিন্ট) (Classified/ Open Series) এর মূল্য নিম্নরূপ:<br>ক। সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের জন্য এক পৃষ্ঠায় মুদ্রিত প্রতিটি মানচিত্রের মূল্য ২০০/-টাকা এবং উভয় পৃষ্ঠায় মুদ্রিত প্রতিটি মানচিত্রের মূল্য ২৫০/-টাকা।<br>খ। বেসরকারি সংস্থা/ব্যক্তির জন্য এক পৃষ্ঠায় মুদ্রিত প্রতিটি মানচিত্রের মূল্য ৪০০/-টাকা এবং উভয় পৃষ্ঠায় মুদ্রিত প্রতিটি মানচিত্রের মূল্য ৫০০/-টাকা।<br>শিক্ষা/গবেষণা কাজে ব্যবহারের জন্য সরকারি মূল্য প্রযোজ্য হবে।<br>(সংশ্লিষ্ট শিক্ষা/গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক সুপারিশ প্রাপ্তি সাপেক্ষে) | বাংলাদেশ জরিপ অধিদপ্তর কর্তৃক প্রণীত সকল স্কেলের মানচিত্রের Hard Copy (পেপার প্রিন্ট) (Classified/ Open Series) এর মূল্য নিম্নরূপ:<br>ক। সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের জন্য এক পৃষ্ঠায় মুদ্রিত প্রতিটি মানচিত্রের মূল্য ২০০/-টাকা এবং উভয় পৃষ্ঠায় মুদ্রিত প্রতিটি মানচিত্রের মূল্য ২৫০/-টাকা।<br>খ। বেসরকারি সংস্থা/ব্যক্তির জন্য এক পৃষ্ঠায় মুদ্রিত প্রতিটি মানচিত্রের মূল্য ৪০০/-টাকা এবং উভয় পৃষ্ঠায় মুদ্রিত প্রতিটি মানচিত্রের মূল্য ৫০০/-টাকা।<br>শিক্ষা/গবেষণা কাজে ব্যবহারের জন্য সরকারি মূল্য প্রযোজ্য হবে।<br>(সংশ্লিষ্ট শিক্ষা/গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক সুপারিশ প্রাপ্তি সাপেক্ষে) |

| ক্রমিক নং | প্রস্তাবিত মূল্য | অর্থ বিভাগ কর্তৃক অনুমোদিত মূল্য |
|---|---|---|
| (৫) | বাংলাদেশ জরিপ অধিদপ্তর কর্তৃক প্রণীত মানচিত্রের প্রতিটি প্লটার প্রিন্টের মূল্য AI থেকে ছোট বা সমান হলে মূল্য ৯০০/- টাকা এবং AI থেকে বড় ১২০০/- টাকা। সর্বোচ্চ প্লটার প্রিন্ট A0 সাইজ হবে।<br>শিক্ষা/গবেষণা কাজে ব্যবহারের জন্য উল্লিখিত মূল্যের ৫০% হ্রাস প্রযোজ্য হবে।<br>(সংশ্লিষ্ট শিক্ষা/গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক সুপারিশ প্রাপ্তি সাপেক্ষে) | বাংলাদেশ জরিপ অধিদপ্তর কর্তৃক প্রণীত মানচিত্রের প্রতিটি প্লটার প্রিন্টের মূল্য AI থেকে ছোট বা সমান হলে মূল্য ৯০০/- টাকা এবং AI থেকে বড় ১২০০/- টাকা। সর্বোচ্চ প্লটার প্রিন্ট A0 সাইজ হবে।<br>শিক্ষা/গবেষণা কাজে ব্যবহারের জন্য উল্লিখিত মূল্যের ৫০% হ্রাস প্রযোজ্য হবে।<br>(সংশ্লিষ্ট শিক্ষা/গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক সুপারিশ প্রাপ্তি সাপেক্ষে) |
| (৬) | বাংলাদেশ জরিপ অধিদপ্তর কর্তৃক গৃহীত আকাশ আলোকচিত্র (Aerial Photographs) এর বিভিন্ন ধরনের কন্টাক্ট প্রিন্ট (Contact Print) ও বর্ধিত ছবির (Enlargement) মূল্য নিম্নরূপ:<br>ক। কন্টাক্ট প্রিন্ট (Contact Print) ১০″×১০″ প্রতিটি ৮০০/-টাকা।<br>খ। আকাশ আলোকচিত্র ১২″ × ১৮″ প্রতিটি ১,২০০/-টাকা (ফটো পেপার)।<br>গ। আকাশ আলোকচিত্র ১২″ × ১৫″ প্রতিটি ১,০০০/-টাকা (ফটো পেপার)।<br>শিক্ষা/গবেষণা কাজে ব্যবহারের জন্য উল্লিখিত মূল্যের ৫০% হ্রাস প্রযোজ্য হবে।<br>(সংশ্লিষ্ট শিক্ষা/গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক সুপারিশ প্রাপ্তি সাপেক্ষে) | বাংলাদেশ জরিপ অধিদপ্তর কর্তৃক গৃহীত আকাশ আলোকচিত্র (Aerial Photographs) এর বিভিন্ন ধরনের কন্টাক্ট প্রিন্ট (Contact Print) ও বর্ধিত ছবির (Enlargement) মূল্য নিম্নরূপ:<br>ক। কন্টাক্ট প্রিন্ট (Contact Print) ১০″×১০″ প্রতিটি ৮০০/-টাকা।<br>খ। আকাশ আলোকচিত্র ১২″ × ১৮″ প্রতিটি ১,২০০/-টাকা (ফটো পেপার)।<br>গ। আকাশ আলোকচিত্র ১২″ × ১৫″ প্রতিটি ১,০০০/-টাকা (ফটো পেপার)।<br>শিক্ষা/গবেষণা কাজে ব্যবহারের জন্য উল্লিখিত মূল্যের ৫০% হ্রাস প্রযোজ্য হবে।<br>(সংশ্লিষ্ট শিক্ষা/গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক সুপারিশ প্রাপ্তি সাপেক্ষে) |
| (৭) | বাংলাদেশ জরিপ অধিদপ্তর কর্তৃক প্রণীত বিভিন্ন স্কেলের প্রতি বর্গফুট Ortho photo ও Image Map এর মূল্য নিম্নরূপ:<br>ক। প্রতি বর্গফুট ফটো পেপারে মুদ্রিত অর্থোফটোর মূল্য ৯০০/- টাকা।<br>খ। ফটো পেপারে ১:২৫,০০০ স্কেলে মুদ্রিত প্রতিটি অর্থোফটো/ইমেজ ম্যাপ শীটের মূল্য ৩,০০০/-টাকা।<br>গ। সাধারণ পেপারে ১:২৫,০০০ স্কেলে মুদ্রিত প্রতিটি অর্থোফটো/ইমেজ ম্যাপ শীটের মূল্য ১,৫০০/-টাকা।<br>ঘ।<br>I. ৫০ সে. মি. GSD এর প্রতি শীট (১:২৫,০০০) Ortho photo/Image এর Soft Copy মূল্য ৮,০০০/- টাকা।<br>II. ২৫ সে. মি. GSD এর প্রতি শীট (১:৫,০০০) Ortho photo/Image এর Soft Copy মূল্য ৮,০০০/- টাকা।<br>III. ১০ সে. মি. GSD বা উন্নততর এর প্রতি শীট (১:২৫,০০০) Ortho photo/Image এর Soft Copy মূল্য ৫,০০০/- টাকা।<br>শিক্ষা/গবেষণা কাজে ব্যবহারের জন্য উল্লিখিত মূল্যের ৫০% হ্রাস প্রযোজ্য হবে।<br>(সংশ্লিষ্ট শিক্ষা/গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক সুপারিশ প্রাপ্তি সাপেক্ষে) | বাংলাদেশ জরিপ অধিদপ্তর কর্তৃক প্রণীত বিভিন্ন স্কেলের সাধারণ পেপারে Ortho photo ও Image Map এর মূল্য নিম্নরূপ:<br>ক। প্রতি বর্গফুট ফটো পেপারে মুদ্রিত অর্থোফটোর মূল্য ৯০০/- টাকা।<br>খ। ফটো পেপারে ১:২৫,০০০ স্কেলে মুদ্রিত প্রতিটি অর্থোফটো/ইমেজ ম্যাপ শীটের মূল্য ৩,০০০/-টাকা।<br>গ। সাধারণ পেপারে ১:২৫,০০০ স্কেলে মুদ্রিত প্রতিটি অর্থোফটো/ইমেজ ম্যাপ শীটের মূল্য ১,৫০০/-টাকা।<br>ঘ।<br>I. ৫০ সে. মি. GSD এর প্রতি শীট (১:২৫,০০০) Ortho photo/Image এর Soft Copy মূল্য ৮,০০০/- টাকা।<br>II. ২৫ সে. মি. GSD এর প্রতি শীট (১:৫,০০০) Ortho photo/Image এর Soft Copy মূল্য ৮,০০০/- টাকা।<br>III. ১০ সে. মি. GSD বা উন্নততর এর প্রতি শীট (১:২৫,০০০) Ortho photo/Image এর Soft Copy মূল্য ৫,০০০/- টাকা।<br>শিক্ষা/গবেষণা কাজে ব্যবহারের জন্য উল্লিখিত মূল্যের ৫০% হ্রাস প্রযোজ্য হবে।<br>(সংশ্লিষ্ট শিক্ষা/গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক সুপারিশ প্রাপ্তি সাপেক্ষে) |

| ক্রমিক নং | প্রস্তাবিত মূল্য | অর্থ বিভাগ কর্তৃক অনুমোদিত মূল্য |
|---|---|---|
| (৮) | বাংলাদেশ জরিপ অধিদপ্তর কর্তৃক প্রণীত Resolution/ Interval অনুযায়ী DEM/DTM এর মূল্য নিম্নরূপ:<br>ক।<br>I. ২০ মি. Resolution/Interval এর DEM/DTM এর ক্ষেত্রে প্রতি বর্গ কিঃ মিঃ আয়তনের জন্য মূল্য ৪০০/- টাকা এবং প্রতি শীট (১:২৫,০০০) এর Soft Copy মূল্য ৭০,০০০/- টাকা।<br>II. ১০ মি. Resolution/Interval এর DEM/DTM এর ক্ষেত্রে প্রতি শীট (১:৫,০০০) এর Soft Copy মূল্য ১০,০০০/- টাকা।<br>III. ২মি. বা উন্নততর Resolution/Interval এর DEM/DTM এর ক্ষেত্রে প্রতি শীট (১:২৫,০০০) এর Soft Copy মূল্য ৫,০০০/- টাকা।<br>খ। কন্টুরসহ স্পট হাইট এর ভেক্টর ডাটার মূল্য ১:২৫,০০০ স্কেলে শীট প্রতি ৩,০০০/- টাকা।<br>গ। কন্টুর ব্যতীত স্পট হাইট এর ভেক্টর ডাটার মূল্য ১:২৫,০০০ স্কেলে শীট প্রতি ১,৫০০/- টাকা।<br>শিক্ষা/গবেষণা কাজে ব্যবহারের জন্য উল্লিখিত মূল্যের ৫০% হ্রাস প্রযোজ্য হবে।<br>(সংশ্লিষ্ট শিক্ষা/গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক সুপারিশ প্রাপ্তি সাপেক্ষে)(তবে সর্বোচ্চ ৩০০ বর্গ কিঃ মিঃ এলাকার) | বাংলাদেশ জরিপ অধিদপ্তর কর্তৃক প্রণীত Resolution/ Interval অনুযায়ী DEM/DTM এর মূল্য নিম্নরূপ:<br>ক।<br>I. ২০ মি. Resolution/Interval এর DEM/DTM এর ক্ষেত্রে প্রতি বর্গ কিঃ মিঃ আয়তনের জন্য মূল্য ৪০০/- টাকা এবং প্রতি শীট (১:২৫,০০০) এর Soft Copy মূল্য ৭০,০০০/- টাকা।<br>II. ১০ মি. Resolution/Interval এর DEM/DTM এর ক্ষেত্রে প্রতি শীট (১:৫,০০০) এর Soft Copy মূল্য ১০,০০০/- টাকা।<br>III. ২মি. বা উন্নততর Resolution/Interval এর DEM/DTM এর ক্ষেত্রে প্রতি শীট (১:২৫,০০০) এর Soft Copy মূল্য ৫,০০০/- টাকা।<br>খ। কন্টুরসহ স্পট হাইট এর ভেক্টর ডাটার মূল্য ১:২৫,০০০ স্কেলে শীট প্রতি ৩,০০০/- টাকা।<br>গ। কন্টুর ব্যতীত স্পট হাইট এর ভেক্টর ডাটার মূল্য ১:২৫,০০০ স্কেলে শীট প্রতি ১,৫০০/- টাকা।<br>শিক্ষা/গবেষণা কাজে ব্যবহারের জন্য উল্লিখিত মূল্যের ৫০% হ্রাস প্রযোজ্য হবে।<br>(সংশ্লিষ্ট শিক্ষা/গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক সুপারিশ প্রাপ্তি সাপেক্ষে)(তবে সর্বোচ্চ ৩০০ বর্গ কিঃ মিঃ এলাকার) |
| (৯) | বাংলাদেশ জরিপ অধিদপ্তর কর্তৃক স্থাপিত টাইডাল স্টেশনের Tide Data এর মূল্য নিম্নরূপঃ<br>ক। টাইডাল স্টেশনের ১(এক) ঘন্টা অন্তর অন্তর ১(এক) বৎসরের Tide data (Soft Copy) এর মূল্য ১,০০০/-টাকা।<br>খ। টাইডাল স্টেশনের ৬ (ছয়) সেকেন্ড অন্তর ১(এক) মাসের Tide Data (Soft Copy) এর মূল্য ১,০০০/-টাকা।<br>শিক্ষা/গবেষণা কাজে ব্যবহারের জন্য উল্লিখিত মূল্যের ৫০% হ্রাস প্রযোজ্য হবে।<br>(সংশ্লিষ্ট শিক্ষা/গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক সুপারিশ প্রাপ্তি সাপেক্ষে) | বাংলাদেশ জরিপ অধিদপ্তর কর্তৃক স্থাপিত টাইডাল স্টেশনের Tide Data এর মূল্য নিম্নরূপঃ<br>ক। টাইডাল স্টেশনের ১(এক) ঘন্টা অন্তর অন্তর ১(এক) বৎসরের Tide data (Soft Copy) এর মূল্য ১,০০০/-টাকা।<br>খ। টাইডাল স্টেশনের ৬ (ছয়) সেকেন্ড অন্তর ১(এক) মাসের Tide Data (Soft Copy) এর মূল্য ১,০০০/-টাকা।<br>শিক্ষা/গবেষণা কাজে ব্যবহারের জন্য উল্লিখিত মূল্যের ৫০% হ্রাস প্রযোজ্য হবে।<br>(সংশ্লিষ্ট শিক্ষা/গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক সুপারিশ প্রাপ্তি সাপেক্ষে) |
| (১০) | বাংলাদেশ জরিপ অধিদপ্তর কর্তৃক প্রণীত Index Sheet (Soft Copy) বিনামূল্যে সরবরাহ করা হইবে। | বাংলাদেশ জরিপ অধিদপ্তর কর্তৃক প্রণীত Index Sheet (Soft Copy) বিনামূল্যে সরবরাহ করা হইবে। |
| (১১) | বাংলাদেশ জরিপ অধিদপ্তর কর্তৃক স্থাপিত Permanent GNSS Station এর উপাত্ত Download এবং Linkage এর মূল্য নিম্নরূপ:<br>ক। আর্কাইভকৃত এক স্টেশনের এক মাসের ডাটার মূল্য ৫০০/- টাকা<br>খ। Linkage এর (Static data ও প্রতি ১টি রিসিভারের জন্য RTK সার্ভিস):<br>১। মাসিক Linkage এর মূল্য ৫,০০০/- টাকা।<br>২। ত্রৈমাসিক Linkage এর মূল্য ১০,০০০/- টাকা।<br>৩। ষাণ্মাসিক Linkage এর মূল্য ২০,০০০/- টাকা।<br>৪। বাৎসরিক এর মূল্য ৩০,০০০/- টাকা।<br>শিক্ষা/গবেষণা কাজে ব্যবহারের জন্য উল্লিখিত মূল্যের ৫০% হ্রাস প্রযোজ্য হবে।<br>(সংশ্লিষ্ট শিক্ষা/গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক সুপারিশ প্রাপ্তি সাপেক্ষে) | বাংলাদেশ জরিপ অধিদপ্তর কর্তৃক স্থাপিত Permanent GNSS Station এর উপাত্ত Download এবং Linkage এর মূল্য নিম্নরূপ:<br>ক। আর্কাইভকৃত এক স্টেশনের এক মাসের ডাটার মূল্য ৫০০/- টাকা<br>খ। Linkage এর (Static data ও প্রতি ১টি রিসিভারের জন্য RTK সার্ভিস):<br>১। মাসিক Linkage এর মূল্য ৫,০০০/- টাকা।<br>২। ত্রৈমাসিক Linkage এর মূল্য ১০,০০০/- টাকা।<br>৩। ষাণ্মাসিক Linkage এর মূল্য ২০,০০০/- টাকা।<br>৪। বাৎসরিক এর মূল্য ৩০,০০০/- টাকা।<br>শিক্ষা/গবেষণা কাজে ব্যবহারের জন্য উল্লিখিত মূল্যের ৫০% হ্রাস প্রযোজ্য হবে।<br>(সংশ্লিষ্ট শিক্ষা/গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক সুপারিশ প্রাপ্তি সাপেক্ষে) |

| ক্রমিক নং | প্রস্তাবিত মূল্য | অর্থ বিভাগ কর্তৃক অনুমোদিত মূল্য |
|---|---|---|
| (১২) | প্রতিটি Aerial photographs (Unclassified)<br>ক। ৫০ সে.মি. GSD এর Soft Copy এর মূল্য ৪০০/- টাকা।<br>খ। ২৫ সে.মি. GSD এর Soft Copy এর মূল্য ৫০০/- টাকা।<br>গ। ১০ সে.মি. বা উন্নততর GSD এর Soft Copy এর মূল্য ৫০০/- টাকা।<br>শিক্ষা/গবেষণা কাজে ব্যবহারের জন্য উল্লিখিত মূল্যের ৫০% হ্রাস প্রযোজ্য হবে।<br>(সংশ্লিষ্ট শিক্ষা/গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক সুপারিশ প্রাপ্তি সাপেক্ষে)। | প্রতিটি Aerial photographs (Unclassified)<br>ক। ৫০ সে.মি. GSD এর Soft Copy এর মূল্য ৪০০/- টাকা।<br>খ। ২৫ সে.মি. GSD এর Soft Copy এর মূল্য ৫০০/- টাকা।<br>গ। ১০ সে.মি. বা উন্নততর GSD এর Soft Copy এর মূল্য ৫০০/- টাকা।<br>শিক্ষা/গবেষণা কাজে ব্যবহারের জন্য উল্লিখিত মূল্যের ৫০% হ্রাস প্রযোজ্য হবে।<br>(সংশ্লিষ্ট শিক্ষা/গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক সুপারিশ প্রাপ্তি সাপেক্ষে)। |
| (১৩) | বাংলাদেশ জরিপ অধিদপ্তর কর্তৃক pdf ফরমেটে প্রস্তুতকৃত প্রতি স্কেলের মানচিত্রের<br>ক। Specification এর মূল্য ২০,০০০/- টাকা।<br>খ। Symbol এর মূল্য ১,০০০/- টাকা।<br>গ। Symbol সম্বলিত ESRI Style ফাইলের মূল্য ১৫,০০০/- টাকা। | বাংলাদেশ জরিপ অধিদপ্তর কর্তৃক pdf ফরমেটে প্রস্তুতকৃত প্রতি স্কেলের মানচিত্রের<br>ক। Specification এর মূল্য ২০,০০০/- টাকা।<br>খ। Symbol এর মূল্য ১,০০০/- টাকা।<br>গ। Symbol সম্বলিত ESRI Style ফাইলের মূল্য ১৫,০০০/- টাকা। |
| (১৪) | বাংলাদেশ জরিপ অধিদপ্তর কর্তৃক প্রণীত Map Catalogue এর Soft Copy বিনামূল্যে Download করা যাবে। | বাংলাদেশ জরিপ অধিদপ্তর কর্তৃক প্রণীত Map Catalogue এর Soft Copy বিনামূল্যে Download করা যাবে। |
| (১৫) | বাংলাদেশ জরিপ অধিদপ্তর কর্তৃক প্রণীত Atlas এর Soft Copy এর মূল্য ৫০০/-টাকা। | বাংলাদেশ জরিপ অধিদপ্তর কর্তৃক প্রণীত Atlas এর Soft Copy এর মূল্য ৫০০/-টাকা। |
| (১৬) | ১:২,৫০০ স্কেলের ত্রিমাত্রিক (3D) মানচিত্র এর ক্ষেত্রে প্রতি শীট (Soft Copy) এর মূল্য ১০,০০০/- টাকা।<br>১:৫,০০০ স্কেলের ত্রিমাত্রিক (3D) মানচিত্র এর ক্ষেত্রে প্রতি শীট (Soft Copy) এর মূল্য ২০,০০০/- টাকা। | ১:২,৫০০ স্কেলের ত্রিমাত্রিক (3D) মানচিত্র এর ক্ষেত্রে প্রতি শীট (Soft Copy) এর মূল্য ১০,০০০/- টাকা।<br>১:৫,০০০ স্কেলের ত্রিমাত্রিক (3D) মানচিত্র এর ক্ষেত্রে প্রতি শীট (Soft Copy) এর মূল্য ২০,০০০/- টাকা। |

২। সরাসরি ক্রয়ের ক্ষেত্রে অনুমোদিত মূল্যের উপর সরকার কর্তৃক নির্ধারিত হারে প্রযোজ্য মূল্য সংযোজন কর (ভ্যাট) আরোপিত হবে।

৩। অনলাইন ক্রয়ের ক্ষেত্রে অনুমোদিত মূল্যের উপর সরকার কর্তৃক নির্ধারিত মূল্য সংযোজন কর (ভ্যাট) এবং প্রযোজ্য সার্ভিস চার্জ আরোপিত হবে। সার্ভিস চার্জ সংশ্লিষ্ট পেমেন্ট সেবা প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত হবে।

৪। অনলাইন পেমেন্টের ক্ষেত্রে সার্ভিস চার্জের হার নিম্নরূপ হবে:

- Debit/Credit-Visa Card, Master Card, DBBL, Nexus Card, Union Pay, Mobile Financial Services-bKash, Rocket, Nagad, IBBL Cash/Internet Banking Wallet-Upay TAP etc. ব্যবহারকারীদের জন্য ২% (দুই শতাংশ)।
- American Express (Amex) Card এবং Q-Cash Card ব্যবহারকারীদের জন্য ৩% (তিন শতাংশ)।

৫। সরকার কর্তৃক ভ্যাট বা প্রযোজ্য সার্ভিস চার্জের হার পরবর্তীতে সংশোধিত হলে, সংশোধিত হার স্বয়ংক্রিয়ভাবে প্রযোজ্য হবে।

৬। এ আদেশ ১ জুলাই ২০২৬ তারিখ থেকে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মির্জা শাকিলা দিল হাছিন**
উপসচিব।

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**মজুরি বোর্ড শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২০ শ্রাবণ, ১৪৩৩/০৪ আগস্ট, ২০২৬

নং **৪০.০০.০০০০.০১৬.৪১.০০১.২৬-৬০**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ১৩৮ (৩) (ক) এর উপধারা এর প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত আইনের ধারা ১৩৯ এ নির্ধারিত কার্যাবলি সম্পাদনের উদ্দেশ্য, "সুপার সপ" শিল্প সেক্টরের মালিক পক্ষের প্রতিনিধিত্ব করিবার জন্য জনাব মোহাম্মদ মোস্তাফিজুর রহমান (জাতীয় পরিচয় পত্র নং- ২৮৩৩৪০৩৫৩৪, মোবাইল নম্বর: ০১৭১৩০৫৩০৫৩, পরিচালক (কর্পোরেট অ্যাফেয়ার্স) এবং কোম্পানি সচিব, এসিআই লজিস্টিক লি: (স্বপ্ন)। স্থায়ী ও বর্তমান ঠিকানা: এসিআই সেন্টার, ২৪৫ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮ কে এতদ্দ্বারা নিম্নতম মজুরি বোর্ড এর মালিকপক্ষের প্রতিনিধি হিসেবে মনোনয়ন প্রদান করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো: মাহবুবুর রহমান**
উপসচিব।

---

**সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়**
**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ**
**সওজ সংস্থাপন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ২৬ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **৩৫.০০.০০০০.০২২.১৭.০২৫.২৬-৪২৮**—বি.সি.এস. (সড়ক ও জনপথ) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তার অনুকূলে ক্যাডার সার্ভিস পদে তার যোগদানের পূর্বের চাকরিকাল বাংলাদেশ সার্ভিস রুলস (১ম খন্ড) এর বিধি ৪২ (২) এবং বাংলাদেশ সার্ভিস রুলস (১ম খন্ড) এর ৩০০ (বি) অনুযায়ী পেনশনযোগ্য চাকরির চাকরিকাল গণনা ও বেতন নির্ধারণের লক্ষ্যে নিম্নোক্ত শর্তে সংরক্ষণ করা হলো:

| ক্রম | কর্মকর্তার নাম, পদবি | বর্তমান কর্মস্থল | পূর্বতন চাকরি ও কর্মস্থল |
|---|---|---|---|
| ০১ | জনাব নাহিদ নোমান (৬০২৫০৪ ) (বিসিএস ব্যাচ ৪৪তম) সহকারী প্রকৌশলী (সিভিল), সওজ | সড়ক বিভাগ, বগুড়া | ইনস্ট্রাক্টর (টেক/সিভিল), মুন্সিগঞ্জ, পলিটেকনিক ইনস্টিটিউট |
| ০২ | জনাব মোঃ হুমায়ুন কবির (৬০২৫০০) (বিসিএস ব্যাচ ৪৪তম) সহকারী প্রকৌশলী (সিভিল), সওজ | সড়ক বিভাগ, রংপুর | সহকারী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, রংপুর |
| ০৩ | জনাব নাসির আহমেদ (৬০২৫০৮) (বিসিএস ব্যাচ ৪৪তম) সহকারী প্রকৌশলী (সিভিল), সওজ | টেকনিক্যাল সার্ভিসেস উইং, সড়ক বিভাগ, তেজগাঁও, ঢাকা | সহকারী প্রকৌশলী, গণপূর্ত রক্ষণাবেক্ষণ বিভাগ, চট্টগ্রাম |
| ০৪ | জনাব মোহাম্মদ তানভীর হাছান (৬০২৫০৫) (বিসিএস ব্যাচ ৪৪তম) সহকারী প্রকৌশলী (সিভিল), সওজ | পরিকল্পনা ও কার্যক্রম সার্কেল, সড়ক বিভাগ, তেজগাঁও, ঢাকা | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বুড়িচং, কুমিল্লা |
| ০৫ | জনাব মোঃ রেজাউল করিম (৬০২৫১৫) (বিসিএস ব্যাচ ৪৪তম) সহকারী প্রকৌশলী (সিভিল), সওজ | সড়ক বিভাগ, দিনাজপুর | সহকারী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা |
| ০৬ | জনাব মোঃ এহসানুল কবির (৬০২৫১০) (বিসিএস ব্যাচ ৪৪তম) সহকারী প্রকৌশলী (সিভিল), সওজ | এইচডিএম অপারেশন বিভাগ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মুন্সিগঞ্জ, |
| ০৭ | জনাব নাসিফ-ই আনোয়ার (৬০২৫০২) (বিসিএস ব্যাচ ৪৪তম) সহকারী প্রকৌশলী (সিভিল), সওজ | পরিকল্পনা বিভাগ-১, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা প্রেষণে সহকারী প্রকল্প পরিচালক উপকূলীয় জনগোষ্ঠী বিশেষত নারীদের জলবায়ু পরিবর্তনজনিত লবণাক্ততা মোকাবেলায় অভিযোজন সক্ষমতা বৃদ্ধিকরণ (জিসিএ) (ডিপিএইচই অংশ প্রকল্প) |

| ক্রম | কর্মকর্তার নাম, পদবি | বর্তমান কর্মস্থল | পূর্বতন চাকরি ও কর্মস্থল |
|---|---|---|---|
| ০৮ | জনাব ফাতেমা ফেরদৌস কেয়া (৬০২৫১৮) (বিসিএস ব্যাচ ৪৪তম) সহকারী প্রকৌশলী (সিভিল), সওজ | সেতু পিরিয়ডিক মেইনটেন্যান্স বিভাগ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা | প্রভাষক, বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ, বরিশাল |
| ০৯ | জনাব মোঃ সাদমান আনজুম জোয়ার্দ্দার (৬০২৫২৪) (বিসিএস ব্যাচ ৪৪তম) সহকারী প্রকৌশলী (যান্ত্রিক), সওজ | ১ম সারি কারখানা উপ-বিভাগ, পিরোজপুর | ইনস্ট্রাক্টর (টেক/ওয়েল্ডিং এন্ড ফেব্রিকেশন), ভেড়ামারা সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, ভেড়ামারা, কুষ্টিয়া। |

(ক) পূর্বপদের চাকরিকাল পেনশনের জন্য গণনার ক্ষেত্রে অসাধারণ ছুটিকালীন সময় গণনা করা যাবে না;

(খ) বর্তমান পদে পূর্ব পদের চাকরিকাল জ্যেষ্ঠতার জন্য গণনা করা যাবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**তাসলিমা আহমেদ পলি**
উপসচিব।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**পানি সরবরাহ-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২০ শ্রাবণ ১৪৩৩/০৪ আগস্ট ২০২৬

নং **৪৬.০০.০০০০.০৮৫.১৮.০১৩.১১(অংশ-১)-৪৭৯**—"পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (সংশোধন) আইন, ২০২৬" এর ধারা ৬(১) অনুযায়ী খুলনা ওয়াসা বোর্ডের জন্য অর্থ মন্ত্রণালয়ের প্রতিনিধিত্বকারী সদস্য হিসেবে অর্থ বিভাগের যুগ্মসচিব ড. নাদিবা সুলতানা (১৫২১৪)- কে নিয়োগ প্রদান করা হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৬.০০.০০০০.০৮৫.১৮.০১৩.১১(অংশ-১)-৪৮০**—"পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (সংশোধন) আইন, ২০২৬" এর ধারা ৬(১) অনুযায়ী খুলনা ওয়াসা বোর্ডের জন্য খুলনা শিল্প ও বণিক সমিতির প্রতিনিধিত্বকারী সদস্য হিসেবে জনাব কেএম হুমায়ুন কবির, পিতা: মৃত আব্দুল হাই খান, ৭০ বাগমারা মেইনরোড, খুলনা-কে নিয়োগ প্রদান করা হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৬.০০.০০০০.০৮৫.১৮.০১৩.১১(অংশ-১)-৪৮১**—"পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (সংশোধন) আইন, ২০২৬" এর ধারা ৬(১) অনুযায়ী খুলনা ওয়াসা বোর্ডের জন্য ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি) এর প্রতিনিধিত্বকারী সদস্য হিসেবে ড. প্রকৌশলী খন্দকার আফতাব হোসেন, এফ/৫০৭৯, চেয়ারম্যান, খুলনা কেন্দ্র, আইইবি; এবং অধ্যাপক, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, কুয়েট, খুলনা ৯২০৩-কে নিয়োগ প্রদান করা হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৬.০০.০০০০.০৮৫.১৮.০১৩.১১(অংশ-১)-৪৮২**—"পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (সংশোধন) আইন, ২০২৬" এর ধারা ৬(১) অনুযায়ী খুলনা ওয়াসা বোর্ডের জন্য খুলনা সিটি কর্পোরেশন এলাকার প্রতিনিধিত্বকারী সদস্য হিসেবে খুলনা সিটি কর্পোরেশনের স্থপতি জনাব রেজবিনা খানম-কে নিয়োগ প্রদান করা হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৬.০০.০০০০.০৮৫.১৮.০১৩.১১(অংশ-১)-৪৮৩**—"পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (সংশোধন) আইন, ২০২৬" এর ধারা ৬(১) অনুযায়ী খুলনা ওয়াসা বোর্ডের জন্য খুলনা সিটি কর্পোরেশন এলাকার প্রতিনিধিত্বকারী সদস্য হিসেবে খুলনা সিটি কর্পোরেশনের নির্বাহী প্রকৌশলী (সিভিল) জনাব শেখ মোহাম্মাদ মাসুদ করিম-কে নিয়োগ প্রদান করা হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৬.০০.০০০০.০৮৫.১৮.০১৩.১১(অংশ-১)-৪৮৪**—"পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (সংশোধন) আইন, ২০২৬" এর ধারা ৬(১) অনুযায়ী খুলনা ওয়াসা বোর্ডের জন্য বাংলাদেশ বার কাউন্সিলের প্রতিনিধিত্বকারী সদস্য হিসেবে এ্যাড. তৌহিদুর রহমান তুষার, পিতা: তৈয়াবুর রহমান চৌধুরী, বাঘমারা, ৩নং ক্রসরোড, খুলনা সদর, খুলনা-কে নিয়োগ প্রদান করা হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৬.০০.০০০০.০৮৫.১৮.০১৩.১১(অংশ-১)-৪৮৫**—"পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (সংশোধন) আইন, ২০২৬" এর ধারা ৬(১) অনুযায়ী খুলনা ওয়াসা বোর্ডের জন্য বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়নের প্রতিনিধিত্বকারী সদস্য হিসেবে জনাব আতিয়ার পারভেজ, পিতা: দেলোয়ার হোসেন, ৪৬ ধড় মির্জাপুর রোড, খুলনা-কে নিয়োগ প্রদান করা হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৬.০০.০০০০.০৮৫.১৮.০১৩.১১(অংশ-১)-৪৮৬**—"পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (সংশোধন) আইন, ২০২৬" এর ধারা ৬(১) অনুযায়ী খুলনা ওয়াসা বোর্ডের জন্য বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশনের প্রতিনিধিত্বকারী সদস্য হিসেবে ডা: মোস্তফা কামাল, পিতা: মোহাম্মদ আলী মোড়ল, নাকশা, আমাদী, কয়রা, খুলনা-কে নিয়োগ প্রদান করা হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৬.০০.০০০০.০৮৫.১৮.০১৩.১১(অংশ-১)-৪৮৭**—"পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (সংশোধন) আইন, ২০২৬" এর ধারা ৬(১) অনুযায়ী খুলনা ওয়াসা বোর্ডের জন্য ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ এর প্রতিনিধিত্বকারী সদস্য হিসেবে জনাব সত্যানন্দ দত্ত, পিতা: সানজয় ভুসান দত্ত, সি. এ. ডি ব্র্যাক, খালিশপুর, খুলনা-কে নিয়োগ প্রদান করা হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোছা: শাকিলা পারভীন**
সিনিয়র সহকারী সচিব।

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**শৃঙ্খলা-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১২ শ্রাবণ ১৪৩৩/২৭ জুলাই ২০২৬

নং **৪৫.০০.০০০০.১২২.২৭.০২৯.২৬-৬৫**—যেহেতু ডা. পলাশ কুমার সরকার (১২০৫২৯), রেডিওলজিস্ট, সাতক্ষীরা সদর হাসপাতাল, সাতক্ষীরায় কর্মরত আছেন;

যেহেতু, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী গত ২৬-০৭-২০২৬ খ্রি. তারিখ খুলনা বিভাগের সাতক্ষীরা সদর হাসপাতাল পরিদর্শন করেন;

যেহেতু, পরিদর্শনকালে ডা. পলাশ কুমার সরকার (১২০৫২৯), রেডিওলজিস্ট, সাতক্ষীরা সদর হাসপাতাল, সাতক্ষীরা-কে ০৪-১২-২০২৫ খ্রি. তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত পান;

যেহেতু, ইতোমধ্যে আনীত অভিযোগের পরিপ্রেক্ষিতে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়েছে, যা বর্তমানে চলমান রয়েছে;

যেহেতু, সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৩৯(১) ধারা অনুযায়ী 'কোনো কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় কার্যধারা প্রস্তাব বা বিভাগীয় কার্যধারা রুজু করা হইলে, সরকার বা নিয়োগকারী কর্তৃপক্ষ অভিযোগের মাত্রা ও প্রকৃতি, অভিযুক্ত কর্মচারীকে তাহার দায়িত্ব হইতে বিরত রাখিবার আবশ্যকতা, তৎকর্তৃক তদন্তকার্যে প্রভাব বিস্তারের আশঙ্কা, ইত্যাদি বিবেচনা করিয়া তাহাকে সাময়িক বরখাস্ত করিতে পারিবে';

সেহেতু, ডা. পলাশ কুমার সরকার (১২০৫২৯), কে সাময়িক বরখাস্তের প্রজ্ঞাপনের তারিখ হতে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

সাময়িক বরখাস্ত থাকাকালে তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ কামরুজ্জামান চৌধুরী**
সচিব।

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**পানি সরবরাহ-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১৫ শ্রাবণ ১৪৩৩/৩০ জুলাই ২০২৬

নং **৪৬.০০.০০০০.০৮৫.০৬.৩৯.২০১৯-৪৬৩**—"পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (সংশোধন) আইন, ২০২৬" এর ধারা ৬(১) অনুযায়ী ড. মোঃ সাব্বির মোস্তফা খান, অধ্যাপক, পানি সম্পদ কৌশল বিভাগ, বুয়েট, ঢাকা-কে ঢাকা ওয়াসা বোর্ডের ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ (আইইবি) এর প্রতিনিধিত্বকারী সদস্য হিসেবে নিয়োগ প্রদান করা হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৬.০০.০০০০.০৮৫.০৬.৩৯.২০১৯-৪৬৪**—"পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (সংশোধন) আইন, ২০২৬" এর ধারা ৬(১) অনুযায়ী Mr. Md. Safiqul Islam (Shafique Ahamed), সলিমুল্লাহ রোড, মোহাম্মদপুর, ঢাকা-কে ঢাকা ওয়াসা বোর্ডের বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়নের প্রতিনিধিত্বকারী সদস্য হিসেবে নিয়োগ প্রদান করা হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ১৮ শ্রাবণ ১৪৩৩/০২ আগস্ট ২০২৬

নং **৪৬.০০.০০০০.০৮৫.০৬.৩৯.২০১৯-৪৬৮**—"পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (সংশোধন) আইন, ২০২৬" এর ধারা ৭(১) অনুযায়ী ড. মোঃ সাব্বির মোস্তফা খান, অধ্যাপক, পানি সম্পদ কৌশল বিভাগ, বুয়েট, ঢাকা-কে ঢাকা ওয়াসা বোর্ডের চেয়ারম্যান পদে ০৩ (তিন) বছর মেয়াদে নিয়োগ প্রদান করা হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোছা: শাকিলা পারভীন**
সিনিয়র সহকারী সচিব।

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৫ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ/০৯ আগস্ট ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৩.০০০২.২৬.৮২**—রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪(৭) ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজার খতিয়ানটির স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলো:

| ক্রমিক নম্বর | মৌজার নাম | জে. এল নম্বর | খতিয়ান নম্বর | দাগ সংখ্যা | থানা | জেলা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ছলিয়া | ১২৪ | ১ | ৮০ (আশি)টি [৫০১ হতে ৫১৬, ৫১৮ হতে ৫৪৯, ৫৯৮ হতে ৬০০, ৬১৫, ৮২৮ হতে ৮৪৫, ৮৪৭ হতে ৮৫৩ ও ৮৫৮ হতে ৮৬০] | সাভার | ঢাকা | মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত ৯৮৯৪/২০১৭ নং রিট পিটিশন নিষ্পত্তি হওয়ায়। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ ইব্রাহীম মিয়াজী**
সহকারী সচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ অধিশাখা-১**

**অফিস আদেশ**

তারিখ: ২৫ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ/০৯ আগস্ট ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৩৬.৯৯.০৩২.২০(অংশ-১)-২১৭**—জোনাল সেটেলমেন্ট অফিসার, ঢাকা-এর প্রস্তাব এবং মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর-এর সুপারিশের প্রেক্ষিতে ভূমি জরিপের সুষ্ঠু রেকর্ড প্রণয়ন ও সরকারি কাজের স্বার্থে ঢাকা জোনাল সেটেলমেন্ট অফিসে প্রজাস্বত্ব বিধিমালা ১৯৫৫ এর বিধি ৪২(ক) ও ৪২(খ) এবং সার্ভে ও সেটেলমেন্ট ম্যানুয়াল ১৯৩৫ এর ৫৩৩,৫৩৪, ৫৩৭ অনুচ্ছেদ এ রুজুকৃত মামলাগুলো দ্রুত নিষ্পত্তিপূর্বক মৌজাসমূহের চূড়ান্ত প্রকাশনা ও গেজেট বিজ্ঞপ্তির কাজ ত্বরান্বিত করার লক্ষ্যে রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন ১৯৫০-এর ধারা ১৯৪ উপধারা ৭, ৮ ও প্রজাস্বত্ব বিধিমালা ১৯৫৫ এর বিধি ৩৬, ৩৭ ,৩৮, ৩৯, ৪০, ৪২(ক) ও ৪২(খ) অনুসরণে কার্যক্রম পরিচালনার নিমিত্ত জনাব মোঃ জাকির হোসেন (১৮১১২), চার্জ অফিসার (সিনিয়র সহকারী সচিব), ঢাকা জোন-কে ০৬ (ছয়) মাসের জন্য নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে জোনাল সেটেলমেন্ট অফিসারের রাজস্ব ক্ষমতা প্রদান করা হলো।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

**মোহাম্মদ আবদুল্লাহ আল মাহমুদ জামান**
উপসচিব (জরিপ অধিশাখা)।

---

**ভূমি মন্ত্রণালয়**
**অধিগ্রহণ-২ শাখা**
**এল এ মামলা নম্বর ২৮/১৯৭৮-৭৯**
**ঘোষণা বিজ্ঞপ্তি**
**(ঘ ফরম)**
**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫ (৭) ধারা মোতাবেক নোটিশ।**

তারিখ: ০৪ ভাদ্র ১৪৩৩/১৯ আগস্ট ২০২৬

নং **৩১.০০.০০০০.০৪৮.৩৪.০৪৬.২৫-১৩৮**—যেহেতু, নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরি) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩নং আইন) এর ধারা মোতাবেক ১৩/০৪/১৯৭৯ ইং তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হইয়াছে এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার ৫ উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার সম্পত্তি/সম্পত্তিসমূহের অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন।

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাইতেছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখল সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল।

**তফসিল**

জেলা: সিলেট, উপজেলা: সিলেট সদর, মৌজা: সাদীপুর ২য় খন্ড, জে.এল. নং: ১৮

| খতিয়ান নং | দাগ নং | ভূমির শ্রেণি | মোট জমির পরিমাণ (একর) | পরিমাণ (একর) |
|---|---|---|---|---|
| ১৪৮ | ৭৩ অংশ | ছনখলা | ১.০৭ | ০.৪৮ |
| ১৪৮ | ৭৪ অংশ | আমন | ০.২৫ | ০.০৪ |
| ১৪৯ | ৭৬ অংশ | আমন | ১.২৫ | ০.৪৫ |
| ১৪৮ | ৭৯ অংশ | ছনখলা | ১.২২ | ০.২০ |
| ৭৫ | ৮০ অংশ | আমন | ১.১৪ | ০.৬৪ |
| ৭৩ | ৮১ অংশ | আমন | ১.০৫ | ০.৭৮ |
| ১৪৮ | ৮২ অংশ | আমন | ১.০৪ | ০.৯০ |
| ১৪৮ | ৮৩ অংশ | আমন | ১.১৩ | ১.০০ |
| ১৪৮ | ৮৪ অংশ | আমন | ০.৯৪ | ০.৭৩ |
| ১৪৮ | ৮৫ অংশ | আমন | ০.৯৭ | ০.৫৮ |
| ১৪৮ | ৮৬ অংশ | আমন | ০.৫৩ | ০.২৬ |
| ১৪৮ | ৮৭ অংশ | আমন | ০.৬২ | ০.২১ |
| ৮৪ | ৮৮ অংশ | আমন | ০.৮০ | ০.১৩ |
| ৫৩৪ | ৫৯৭ অংশ | লায়েক পতিত, ভিট | ৭.৮৯ | ১.১৮ |
| ৫৩৩, ৫৩৫ | ৫৯৮ অংশ | ছনখলা | ৬.৪০ | ০.৫০ |
| ৫৩৩, ৫৩৫ | ৫৯৯ অংশ | খাল | ৩.২২ | ০.৪০ |
| | | | **মোট =** | **৮.৪৮ একর** |

*** (বিস্তারিত দাগসূচি ও ভূমির নক্সা এই কার্যালয়ের ভূমি অধিগ্রহণ শাখায় সংশ্লিষ্ট নথির সঙ্গে সংরক্ষিত আছে)

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ আব্দুল লতিফ**
উপসচিব।